তালখীসুন নাহু

www.muslimdm.com

বই : তালখীসুন নাহু
সংকলক : **মুহাম্মদ ফরিদ**
পৃষ্ঠপোষক : অধ্যক্ষ, আ. খ. ম. আবু বকর সিদ্দীক (মা. জি. আ.)
সপ্তম সংস্করণ : জানুয়ারি, ২০২৫ ইং
প্রকাশনায় : সিদ্দীকিয়া প্রকাশনী
সারুলিয়া, ডেমরা, ঢাকা-১৩৬১
✆ ০১৯২৩১৩০৫৬৫, ০১৮৮০৪৭৪৮৮১ (WhatsApp)

৮ম/৯ম শ্রেণি থেকে যে কোনো জামাতের
শিক্ষার্থীদের জন্য একটি সহযোগী পুস্তিকা

অর্থ ব্যতীত ৭০% তারকীব আয়ত্ব করার
এক অপূর্ব কৌশল

তালখীসুন নাহু

(ছাত্র কল্যাণ তহবিলে ওয়াক্‌ফ)

www.muslimdm.com

সংকলন

মুহাম্মদ ফরিদ

শিক্ষক, দারুননাজাত মাদরাসা কিতাব বিভাগ
সারুলিয়, ডেমরা, ঢাকা।

সিদ্দীকিয়া প্রকাশনী

[সততা ও দক্ষতাই মানুষের শ্রেষ্ঠ সম্পদ]
সারুলিয়া, ডেমরা, ঢাকা-১৩৬১
০১৬১৪৮৭১৭৪৭ ০১৬০০০১৮৬২১ ০১৮৯০১৪৩৫৬৫ ০১৯২৩১৩০৫৬৫

www.muslimdm.com

গ্রন্থস্বত্ব : প্রকাশক কর্তৃক সংরক্ষিত

মুদ্রণে : মিরাজ কালার হাউজ, বাংলাবাজার, ঢাকা

: ✆ ০১৭১২৬০৮৭৫৯

অনলাইন পরিবেশক: rokomari.com - wafilife.com

Web : darunnazatkitabbivag.com

শাখা প্রতিষ্ঠানসমূহ: দারুননাজাত সেবা ফাউন্ডেশন (গৃহহীনদের জন্য ঘর নির্মাণ প্রকল্প),

: উলুমুল কোরআন ওয়াসসুন্নাহ ফেসবুক গ্রুপ (যে কোনো ধর্মীয় সমস্যা বা মাসআলার সমাধান), muslimdm.com

উলুমুল কুরআন ওয়াসসুন্নাহ

: দারুননাজাত নৈশ মাদরাসা (জেনারেল শিক্ষিতদের জন্য নূরানী কায়দা থেকে বুখারী শরীফ পর্যন্ত, দৈনিক তিন ঘণ্টা করে সাত বছরে দাওরা কোর্স)।

Youtube : DMKB Official, Muslim Madrasah

মূল্য: ২০০ টাকা

Page in actual:103, Forma: 6.44 , gms: 80 (offset)

Talkhisunnahu

By : Muhammad Farid

Published by : Siddikia Prokashoni, Bangladesh

E-mail : info.siddikia2024@gmail.com

Facebook: Siddidia Prokashoni

www.muslimdm.com

উৎসর্গ

একজন মুরব্বি
ও
কিছু মানুষের জন্য

www.muslimdm.com

أفضل العلم علم الحال ـــــ أفضل العمل حفظ الحال

এখনকার করণীয় জেনে বাস্তবায়ন করাই সর্বোত্তম ইলম।

এখনি গোনাহ থেকে বাঁচা সর্বোত্তম আমল।

(তা'লীমুল মুতাআল্লিম)

www.muslimdm.com

অভিমত

الحمد لوليه و الصلوة لوليها أما بعد

আরবীভাষা আল্লাহ্ রাব্বুল আলামীনের এক অপার নেআমত। এর মাধ্যমে আমরা জানতে পারি আমাদের রবের কালাম। জানতে পারি নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর হাদীস। আল্লাহ্ তাআলার কালাম ও নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর হাদীস ভালোভাবে বোঝতে হলে অবশ্যই আমাদেরকে আয়ত্ব করতে হবে আরবী ভাষাজ্ঞান। এ জন্যই যিনি আল্লাহ্ ও নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে ভালোবাসবেন তিনি আরবী ভাষাকেও ভালোবাসবেন। এটিই বাস্তবতা।

যে কোন ভাষার জ্ঞান অর্জনের জন্য সবচে উপকারী ও কার্যকরী পদক্ষেপ হলো ঐ ভাষা ব্যবহার করা। শব্দার্থ আয়ত্ব করে ভাষাকে যথপোযুক্ত ব্যবহার করতে কিছু নিয়মকানুন জানা আবশ্যক। এ জন্যই রচিত হয়েছে নাহুশাস্ত্র। এক্ষেত্রে মনে রাখতে হবে, ভাষাচর্চায় নিয়মকানুনের প্রভাব কতটুকু।

আরবীভাষা বিশেষজ্ঞগণ বলেছেন-
اَلنَّحْوُ فِيْ الْكَلَامِ كَالْمِلْحِ فِيْ الطَّعَامِ. অর্থাৎ খাবারের স্বাদ সৃষ্টিতে লবণের প্রভাব যতটুকু, ভাষা আয়ত্বের ক্ষেত্রে নিয়মের প্রভাবও ততটুকু। এখন চিন্তা করে দেখুন, আমরা এক প্লেট ভাতের সাথে কী পরিমাণ লবণ ব্যবহার করি। ঠিক ভাষার ক্ষেত্রে সে পরিমাণ শব্দ আয়ত্ব করেই ব্যাকরণ ব্যবহার করতে হবে। এমন চিন্তা-চেতনা মাথায় রেখেই আমাদের এই ক্ষুদ্র প্রয়াস।

লেখক এখানে আরবী **قواعد** কোন্ কিতাবে কিভাবে আছে তা না দেখে, কিভাবে ছাত্ররা সহজে বোঝতে পারে ও আরবী ইবারত বোঝে পড়তে পারে, এ বিষয়ের প্রতি লক্ষ্য রেখেছেন। আমরা যেহেতু বাংলাভাষী, তাই অধিকাংশ নিয়মকানুনকে বাংলাতেও বোঝানোর চেষ্টা করা হয়েছে। অর্থ ব্যতীত অধিকাংশ আরবী **قواعد** যেন সহজে আয়ত্ব করা যায় সে বিষয়ে বিশেষভাবে গুরুত্ব প্রদান করা হয়েছে। এ নিয়মগুলো অনেকের কাছে হয়ত ভিন্ন রকম মনে হতে পারে। কারণ লেখক এখানে ক্লাসের ভাষায় সাজানোর চেষ্টা করেছেন, কিতাব লেখার ভাষায় নয়।

অতএব কারো দৃষ্টিতে যদি কোনো ভুল ধরা পড়ে, আমাদেরকে জানালে ইনশাআল্লাহ্ অবশ্যই তা বিবেচনা করব। আর সকলের কাছে আমাদের একান্ত অনুরোধ, আমাদের এ খেদমতের জন্য আপনারা দুআ করবেন। আল্লাহ্ যেন এ খেদমতকে দ্বীনের জন্য কবুল করে নেন। আমীন!

আ.খ.ম.আবুবকর সিদ্দীক
অধ্যক্ষ
দারুননাজাত সিদ্দীকিয়া কামিল মাদরাসা
সারুলিয়া, ডেমরা, ঢাকা।

www.muslimdam.com

আদর্শ জাতির জন্য চাই আদর্শ মানুষ।

আ.খ.ম.আবুবকর সিদ্দীক

www.muslimdm.com

প্রাথমিক আলোচনা

বর্ণনা ধারা

ক্রম.	বিষয়	পৃষ্ঠা
০১	খাদেমের কথা	১৩
০২	শিক্ষক পরামর্শ	১৮
০৩	عِلْمُ النَّحْو এর পরিচয়, উদ্দেশ্য ও আলোচ্য বিষয়	২১
০৪	مفرد ও مركب এর আলোচনা	২১
০৫	كلمة এর প্রকারভেদ	২২
০৬	معرفة এর প্রকারভেদ	২৪
০৭	এক টেবিলে তিনটি বিষয়	২৭
০৮	বংলা আলামত	২৮
০৯	এক টেবিলে তিনটি বিষয়	২৯
১০	যুক্ত اسم এর আলোচনা	২৯
১১	যে ধরনের শব্দ صفة হওয়ার যোগ্যতা রাখে	৩০
১২	مُذَكَّر ও مُؤَنَّث এর আলোচনা	৩১
১৩	فاعل চেনার ৪টি উপায়	৩৩
১৪	مَفْعُوْل চেনার ৪টি উপায়	৩৪
১৫	نائب الفاعل চেনার উপায়	৩৫
১৬	جملة এর পরিচয়	৩৬
১৭	مُرَكَّب এর প্রকারভেদ	৩৬
১৮	فعل لَازِم ও فعل مُتَعَدِّيْ এর আলোচনা	৩৭
১৯	فعل لازم কে مُتَعَدِّيْ করার নিয়ম	৩৭
২০	فاعل এর সাথে فعل এর ব্যবহার	৩৮
২১	جمع غَيْرُ عَاقِل এর ব্যবহার	৩৯
২২	مُعْرَب ও مَبْنِيْ এর আলোচনা	৪০
২৩	مبني এর প্রকারভেদ	৪০
২৪	وَاحِد , تَثْنِيَة ও جَمع এর আলোচনা	৪২
২৫	مُتَعَلِّقَانِ এর আলোচনা	৪৩
২৬	شِبْهُ الْفِعْل এর বর্ণনা	৪৩
২৭	مَانِعُ التَّنْوِيْن এর আলোচনা	৪৪
২৮	ষোল প্রকার اسم এর পরিচয়	৪৫
২৯	إِعْرَابُ الْأَسْمَاءِ এর আলোচনা	৪৬
৩০	এক নজরে ১৬ প্রকার اسم এর বাইশ প্রকার অবস্থান	৪৮
৩১	১৬ প্রকার اسم এর ৯ প্রকার إعراب এর নমুনা	৪৯
৩২	ضمير এর আলোচনা	৫৩
৩৩	الْحُرُوْفُ الْمُشَبَّهَةُ بِالْفِعْلِ এর আলোচনা	৫৫
৩৪	এর আলোচনা الْأَفْعَال النَّاقِصَة	৫৬

www.muslimdm.com

প্রাথমিক আলোচনা

ক্রম.	বিষয়	পৃষ্ঠা
৩৫	غَيْرُ مُنْصَرِف এর আলোচনা	৫৯
৩৬	নয় সবব ও তার পরিচয়	৬০
৩৭	مفعول مُطْلَق এর বিবরণ	৬২
৩৮	مفعول له এর আলোচনা	৬৪
৩৯	مفعول فيه এর আলোচনা	৬৪
৪০	مفعول معه এর আলোচনা	৬৫
৪১	مفعول به এর আলোচনা	৬৬
৪২	نِدَاء এর আলোচনা	৬৬
৪৩	حال এর আলোচনা	৬৮
৪৪	تَمْيِيْز এর বর্ণনা	৭০
৪৫	عدد এর নিয়মাবলি	৭১
৪৬	تَابِع এর আলোচনা	৭৩
৪৭	صفة এর পরিচয়	৭৩
৪৮	تأكيد এর পরিচয়	৭৪
৪৯	بدل এর পরিচয়	৭৫
৫০	عَطْف بِالْحُرُوْف এর পরিচয়	৭৭
৫১	عَطْف الْبَيَان এর পরিচয়	৭৮
৫২	إِعْرَابُ الْفِعْلِ الْمُضَارِع এর আলোচনা	৭৮
৫৩	اِسْتِفْهَام এর আলোচনা	৮৫
৫৪	شَرْط এর আলোচনা	৮৭
৫৫	مُسْتَثْنى এর আলোচনা	৮৯
৫৬	مَعْمُوْل ও عَامِل এর আলোচনা	৯১
৫৭	حروف عاملة এর আলোচনা	৯২
৫৮	الأفعال العاملة এর আলোচনা	৯৫
৫৯	الأسماء العاملة এর আলোচনা	৯৮
৬০	عمل এর مصدر	৯৯
৬১	الحروف غير العاملة এর আলোচনা	১০০
৬২	১০০ আমেলের টেবিল	১০২
৬৩	সংগ্রহে রাখার মতো গুরুত্বপূর্ণ কিছু নাহুর বই	১০৩

www.muslimdm.com

www.muslimdm.com

وَلَكِنْ كُونُوا ربَّنِيّيِنَ بِمَا كُنْتُمْ تُعَلِّمُونَ الكِتَابَ وَبِمَا كُنْتُمْ تَدْرُسُونَ

বরং তোমরা আল্লাহওয়ালা হয়ে যাও, যেমন এই বিতাবের দাবি; যা তোমরা পড়ো এবং অন্যদের পড়াও। (সূরা আলে ইমরান: ৭৯)

প্রাথমিক আলোচনা

খাদেমের কথা

সকল প্রশংসা ঐ আল্লাহ্ তাআলার নিমিত্তে যিনি মানুষ সৃষ্টি করেছেন, অতঃপর তাকে ভাষা শিখিয়েছেন। অগণিত দরূদ ও সালাম বর্ষিত হোক নবী কারীম সাল্লাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও তাঁর সাথীদের ওপর যাঁরা ছিলেন সবচে বিশুদ্ধভাষী।

আল্লাহ তাআলার দরবারে অসংখ্য শুকরিয়া যে, তিনি এ নগণ্য ও অনভিজ্ঞকে ইলমে দ্বীনের খেদমত করার সুযোগ দান করেছেন। এ কথা বলতে দ্বিধা নেই যে, নাহু সম্পর্কে কিছু লেখা বা বলার কোনো যোগ্যতাই আমার নেই। কারণ ইলমে নাহু এতই বিশাল সমুদ্র যে, ক্ষুদ্র জ্ঞানে এ সমুদ্র তীরে দাঁড়াবার হিম্মতও আমার নেই। তবে আরবীকে ভালবাসি মন থেকে। কারণ, আরবী কুরআনের ভাষা, শরীয়তের ভাষা, রাসূল সাল্লাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর ভাষা। আরবী ভাষা দেখলেই মনটা উৎফুল্ল হয়ে ওঠে। যখন পড়তে শিখিনি, তখনও আরবী কিতাব খুলে তাকিয়ে থাকতাম। সে যা-ই হোক, আমি কোনো অভিজ্ঞ ছাত্র বা শিক্ষক নই যে, সহজে একটি নাহুর কিতাব বুঝতে পারি। কোনো নাহুর কিতাবই আমি ভালো করে বুঝতাম না। আমি যে সকল কারণে নাহু বুঝতে পারিনি, তা হল:-

১) প্রায় সকল নাহুর কিতাবই جملة এর আলোচনা দিয়ে শুরু হয়েছে। جملةএর সকল উপাদান (مضاف – مضاف إليه , موصوف – صفة , مبتدأ – خبر) পরে আলোচনা করা হয়েছে। এতে শুরুতেই এমন কিছু বিষয় সামনে আসে, যেগুলোর ওপর নাহু বুঝাটা নির্ভর করে এবং সেগুলোকে না বুঝে মুখস্থ করতে হয়, যা আমার মতে অত্যন্ত কষ্টকর।

২) অর্থ না জেনে (مضاف – مضاف إليه, موصوف – صفة, مبتدأ – خبر) এ বিষয়গুলো আয়ত্ব করা যায় না। কেননা এ পরিভাষাগুলো জানার পরেই একজন শিক্ষার্থী বাক্যের অর্থ করতে পারবে।

৩) إعرابএর অধ্যায়টি আমার কাছে খুবই অস্পষ্ট ছিল। কেননা, আমার জানা ছিল, رفع অর্থ পেশ। তাহলে رفع কেন الف বা واو দ্বারা হবে? এভাবে نصب/ جر কিভাবে বুঝব?

৪) لازم / متعدى কিভাবে বুঝব?

৫) كانএর আলোচনা এবং ظرف এর পূর্বে في এর ব্যবহারতো ছিল আরো অস্পষ্ট।

যার কাছেই যেতাম, এ পরিভাষাগুলো সহজে আমি বুঝতে পারতাম না। পরিশেষে আমার পরম শ্রদ্ধেয় শিক্ষক শাইখুল হাদীস হযরত মাওলানা মুফতী মুহাম্মাদ আব্দুল লতিফ শেখ মা.যি.আ. (প্রধান মুহাদ্দিস, দারুননাজাত সিদ্দীকিয়া কামিল মাদরাসা) হুযুরের কাছে বললাম; হুযুর! আমি তো নাহু বুঝি না, কী করব? হুযুর তখন এমন একটি পরামর্শ দিলেন, যা মানলে একজন অযোগ্য ছাত্রও সহজেই যোগ্য হতে পারে। আমিতো কামিলের ক্লাসেও ইবারত বিশুদ্ধভাবে পড়তে পারতাম না। রুমে বাংলা কিতাব দেখে দেখে পড়ে আসতাম। কিন্তু হুযুর যখন পরামর্শ দিলেন "*তুমি অন্যজনকে পড়াও*"।

এ কথার বাস্তবায়নে কোনো যোগ্যতা ছাড়াই ছাত্রদের কয়েকজনকে অনেক অনুরোধ করে পড়ানো শুরু করলাম। আল্লাহ্ রাব্বুল আলামীন এ নালায়েককে ছাত্রদের খেদমতের বরকতে সুন্দর সুন্দর এমন কিছু সহজ নিয়ম দান করলেন, যা আমি কোনো কিতাবে ইতোপূর্বে পাইনি। কোনো উস্তাদের জবানেও শুনিনি। কায়েদাগুলো এতই সুন্দর ছিল যে, অর্থ জানা ব্যতিরেকেই প্রায় ৯০% مبتدأ–خبر ,موصوف–صفة ,مضاف–مضاف إليه ,مفعول ,حال ,فاعل–مفعول. ইত্যাদি অতি ব্যবহৃত পরিভাষাগুলো খুব অল্প সময়ে আয়ত্ব করা একজন শিক্ষার্থীর জন্য আমার কাছে খুবই সহজ মনে হলো।

কায়েদাগুলো বানিয়ে যখন আমার শ্রদ্ধাভাজন শিক্ষক মুহতারাম মাওলানা মুনিরুল ইসলাম মা.যি.আ. (পাবনার হুযুর) কে দেখালাম, হুযুর আমাকে অনেক উৎসাহ দিলেন। এতে আমার মন উৎফুল্ল হয়ে ইলমে নাহুর প্রতি আরো মনোযোগী হলো। কিছু আরবী কিতাব কিনে পড়া শুরু করলাম। আরবদের লেখা কিতাব খুবই সহজ। পড়তে বড়ই আনন্দদায়ক। কিন্তু আমি নির্ভেজাল অযোগ্য। কি করি? তাই বহু বিরক্ত করেছি, কষ্ট দিয়েছি, আমার শ্রদ্ধাভাজন ওস্তাদ মুহতারাম মাওলানা নাসিরুদ্দীন দা. বা. (কাশিয়ানী হুযুর) কে। অনেক মাসআলা আলোচনা করতে করতে মাদরাসা থেকে হুযুরের বাসা পর্যন্ত চলে গিয়েছি। মুহতারাম অধৈর্য না হয়ে, বিরক্তি অনুভব না করে, খুবই মায়া করে, আপন ছেলের মতো দীর্ঘ সময় ব্যয় করলেন এ অনভিজ্ঞকে বুঝাতে।

অনেক সময় এ মাদরাসার আসাতেযায়ে কেরামকে না পেলে মোবাইলের মাধ্যমে সাহায্যের প্রার্থনা পৌঁছে দিতাম আমার চির স্মরণীয় শিক্ষক টুমচর ইসলামিয়া সিনিয়র ফাযিল মাদরাসার সুযোগ্য অধ্যক্ষ মুহতারাম মাওলানা হারুন আল মাদানী মা.যি.আ. এর নিকট। শত ব্যস্ততা সত্ত্বেও তিনি বলে দিতেন আমার প্রশ্নগুলোর উত্তর। এভাবে বাকি উস্তাদগণের নিকট হতেও অনেক উপকৃত হয়েছি। আল্লাহ্‌র

বড়ই শুকরিয়া, আমার উস্তাদগণ আমাকে এতই ভালবাসেন যে, যিনি যতই ব্যস্ত থাকতেন না কেন, আমি প্রশ্ন করলে আমাকে সুন্দর করে বুঝিয়ে দিতেন। বিরক্ত হতেন না কেউ।

আমার জীবনকে যদি কিয়ামত পর্যন্ত দীর্ঘায়িত করা হয়, আর সারাজীবন আমার শিক্ষক মহোদয়গণের গোলামি করি, তাহলেও তাদের পাওনা পরিশোধ করা এ অধমের পক্ষে অসম্ভব। যেমনটি হযরত আলী (রা.) বলেছেন "যে আমাকে একটি অক্ষর শেখালো, সে যেন আমাকে ক্রয় করে ফেলল। সে ইচ্ছা করলে আমাকে বিক্রি করতে পারে বা নিজের গোলাম বানিয়েও রাখতে পারে।"

অনেক বছর ধরে আমার বড় একটা আশা ছিলো, আল্লাহ্ যদি আমাকে একটি আমলী মাদরাসায় খেদমতের ব্যবস্থা করে দিতেন, তাহলে আমি প্রাণ ভরে আল্লাহ্র দীনের খেদমত করতাম। আল্লাহ্ অধমের এ আশাটুকু দারুননাজাত সিদ্দীকিয়া কামিল মাদরাসার সুযোগ্য ও আদর্শ অধ্যক্ষ, শিক্ষানুরাগী, পরম শুভাকাঙ্ক্ষী আলহাজ্জ হযরত মাওলানা আ.খ.ম. আবুবকর সিদ্দীক (মা.যি.আ.) এর মাধ্যমে পূরণ করলেন। হুযুর আমাকে এ বিশাল মাদরাসায় খেদমত করতে দেয়ায় আমার সকল উস্তাদের প্রতিই আমি চিরকৃতজ্ঞ।
কিন্তু আমার জীবন উন্নয়নের অবিচ্ছেদ্য অঙ্গ, অত্র মাদরাসার স্বনামধন্য প্রধান মুহাদ্দিস হুযুরের চির স্মরণীয় ও বরণীয় বাণী এবং ছাত্র জীবন উন্নয়নে যাদুর কাঠিসম মহা মূল্যবান পরামর্শ (*অন্যকে পড়াও*), আমার ভালো কর্মে উৎসাহদানকারী, চির কল্যাণকামী অতি সহযোগী ও জীবন গড়ার রূপকার মুহতারাম পাবনা হুযুরের উৎসাহ ও সহযোগিতা, আমার জীবন উন্নয়নের মাইল ফলক, অতি দরদী উস্তাদ কাশীয়ানী হুযুর - এর পূর্ণ আন্তরিকতামাখা ও মন জুড়ানো শিক্ষাদান, এবং আমার জীবনাকাশে অনবরত আলো বিচ্ছুরণকারী নক্ষত্রসম, আপন ছেলের মতো দয়া-মায়া দিয়ে লালন-পালনকারী মুহতারাম হযরত মাওলানা হারুন আল মাদানী মা.যি.আ. সহ এ সকল শিক্ষকের ভূমিকা বিশেষভাবে স্মরণীয়।

আরো মনে পড়ে দারুননাজাত সিদ্দীকিয়া কামিল মাদররাসার তাখসীসি জামাতের ২০০৮ সালের ছাত্রদেরকে, যারা আমার জীবনের নিত্য সাথী। তারাই মূলত এ সংকলনের গুরুত্বপূর্ণ উৎস।

এ কিতাবটি সাজাতে গিয়ে যে সকল গবেষকের পরামর্শ ও পদ্ধতি অনুসরণ করা হয়েছে তাদের মধ্যে উল্লেখযোগ্য হলেন, সর্বমহলে সুপরিচিত, উস্তাযুল আসাতিযাহ ড. আনোয়ারুল কাবীর সাহেব, ছারছীনা দারুচ্ছুন্নাহ আলিয়া মাদরাসার সুযোগ্য মুফাস্সির, ছাত্রদের জীবন উন্নয়নে নিজেকে উৎসর্গকারী ও মাইলফলক হযরত মাওলানা আবু জাফর মুহাম্মদ ছালেহ্ (মা.যি.আ.) (দুমকি হুযুর) এবং আমার শির তাজ ও জীবন পরিচালনায় বিশেষ মশাল হযরত মাওলানা আবুল বাশার (দা.বা.)।

আমি আন্তরিকভাবে কৃতজ্ঞতা জানাই ঐ সকল উপকারী বন্ধুর প্রতি যারা, বহু কষ্ট করে ও ধৈর্য ধরে একনিষ্ঠ মন নিয়ে প্রুফ দেখে বইটিকে যথাসাধ্য নির্ভুল করার কাজে সহযোগিতা ও সুন্দর পরামর্শ দিয়েছেন। দারুননাজাত সিদ্দীকিয়া কামিল মাদরাসার সুযোগ্য আরবী প্রভাষক, মাসিক বিকাশের স্বনাম ধন্য নির্বাহি সম্পাদক, সুসাহিত্যিক মাওলানা মুহাম্মাদ মাকসুদুল হক মা.যি.আ. এর প্রতি আমি বিশেষভাবে কৃতজ্ঞ।

পাঠক সমীপে আমার বিশেষ অনুরোধ, আমি নালায়েক বান্দাহ্, তাই অনেক দিন ধরে বহু চেষ্টা করে ছাত্রদের বুঝের অনুকূলে এ খেদমত আঞ্জামের চেষ্টা করেছি। যথাযথ যোগ্যতার অস্তিত্ব যেহেতু এ অধমের মধ্যে পুরোপুরি নেই, সেহেতু যে কোনো ভুল থেকে যাওয়া স্বাভাবিক। তাই অনুগ্রহ করে, আমাদেরকে ভুলগুলো ধরিয়ে দিলে ইনশাআল্লাহ্ সাদরে সংশোধনের চেষ্টা করবো।

আমরা এ পুস্তিকাটি ছাত্রকল্যান তহবিলে ওয়াক্ফ করলাম। এর আয় দিয়ে আল্লাহ্ওয়ালা ছাত্রদের সেবা করে আল্লাহ্র সন্তুষ্টি অর্জন করতে চাই। সবশেষে দয়ালু মাওলার কাছে আমার আকুতি- আল্লাহ্! তুমি অধমের এ নগণ্য খেদমতকে কবুল করে নাও। যারাই তোমার পছন্দের আরবী ভাষা শিখতে চায়, তুমি তাদেরকে অতি সহজে তা বোঝার তাওফীক দান করো। আমীন!

বিনীত
মুহাম্মদ ফরিদ
শিক্ষক
দারুননাজাত মাদরাসা কিতাব বিভাগ
সারুলিয়া, ডেমরা, ঢাকা

www.muslimdm.com

শিক্ষক পরামর্শ

০১. যথাসময়ে ক্লাসে আসা এবং যাওয়া।
০২. প্রতিদিনের সবক নিজে ভালোকরে পড়ে আসা।
০৩. ক্লাসে গিয়ে প্রথমেই গত দিনের সবক আদায় করা। (পাঁচ মিনিটে)
০৪. আজকে যা পড়ানো হবে তা এক দুবার সকলকে মনোযযোগ দিয়ে পড়তে বলা। (পাঁচ মিনিট)
০৫. আজকের সবক মুখে মুখে উচ্চারণ করিয়ে ভালোভাবে সকলকে বুঝিয়ে দেয়া। (পনের মিনিট)
০৬. ক্লাসেই আজকের সবক সকলকে মুখস্থ করিয়ে দেয়া। (দশ মিনিট)
০৭. দশ নং সবক থেকে যথাসম্ভব তারকীব করানো শুরু করা।
০৮. কোনো ছাত্র তারকীব না পারলে তাকে কখনো তারকীব বলে না দেয়া। যে সবকটি ভুলে যাওয়া অথবা না বুঝার কারনে সে তারকীব পারল না তা তাকে স্বরণ করিয়ে দেয়া।
০৯. প্রতি বৃহস্পতিবার বা কোনো বন্ধের পূর্বে, অন্য দিনের তুলনায় একটু বেশি পরিমাণে তারকীব দেয়া। তারকীব যত করানো যাবে ছাত্ররা ততই নাহু বুঝবে।
১০. হাশিয়ার আলোচনা ক্লাসে কোনো অবস্থাতেই না করা।
১১. কিতাবের প্রতিটি উদাহরণ অর্থসহ পড়ানো। অর্থের প্রতি ছাত্রদের মনোযোগ তৈরি করা।
১২. প্রতি মাসে নূন্যতম দশ মিনিটের দুটি পরীক্ষা নেয়া।
১৩. এ কিতাবটি কমপক্ষে তিন বার পড়ানোর চেষ্টা করা।
১৪. ছাত্রদের ধারণ ক্ষমতানুযায়ি দ্বিতীয় বারে যথাসম্ভব হাশিয়াসহ পড়ানো।
১৫. ছাত্রদের বয়স ও মেধানুযায়ি সবক বাড়ানো বা কমানোর পরিকল্পনা নিয়ে ক্লাসে আসা।
১৬. কোনো বিষয়ে আরো পরামর্শের প্রয়োজন মনে করলে শেষ মোবাইল নম্বরে যোগাযোগ করা।

আমাদেরকে মনে রাখতে হবে যে, বারো মাসের মধ্যে বিভিন্ন উপলক্ষে প্রায় আড়াই মাস প্রতিষ্ঠান বন্ধ থাকে। বিভিন্ন প্রয়োজনে ছুটি নিতে হয় বছরে দুসপ্তাহ। একটি পরীক্ষা হলে দুসপ্তাহ ক্লাস বন্ধ থাকে। অতএব চারটি পরীক্ষা হলে প্রায় দুমাস ক্লাস বন্ধ থাকে। এখন ক্লাস বন্ধ থাকে ৩+২=৫ মাস। বাকি সাত মাসে জুমার কারনে প্রায় এক মাস ক্লাস বন্ধ থাকে। তাহলে মোট ক্লাস বন্ধ থাকে ৫+১=৬ মাস। এখন চিন্তা করে দেখুন! সবগুলো বিষয়ে ছাত্রদেরকে পরিপক্ক বানানোর সময় মাত্র ছয় মাস। তাহলে যথাসময়ে ক্লাসে আসা-যাওয়ার এবং উপযুক্ত পাঠদানের গুরুত্ত কেমন হওয়া হওয় উচিৎ!

www.muslimdm.com

ছাত্রের সফলতা শিক্ষকের নজরে।

আ.খ.ম.আবুবকর সিদ্দীক

www.muslimdm.com

চারিত্রিক মাধুর্য নিয়ে, যথাসময়ে ও সুকৌশলে
উপযুক্ত পাঠদানকারিকে আদর্শ শিক্ষক বলা হয়।
এক বান্দা

www.muslimdm.com

প্রাথমিক আলোচনা

সবক নং-০১

Grammar

عِلْمُ النَّحْو এর পরিচয়:

যে জ্ঞান অর্জন করলে আরবী বাক্যগঠন পদ্ধতি এবং শব্দের শেষ বর্ণের পরিবর্তনশীল অবস্থা জানা যায় তাকে عِلْمُ النَّحْو বলা হয়। সংক্ষেপে বলা যায়: বাক্য গঠনের নিয়মকে نَحْوٌ বলা হয়।[১]

عِلْمُ النَّحْو এর উদ্দেশ্য:

আরবী ভাষা শুদ্ধরূপে লেখা, পড়া ও বলার যোগ্যতা অর্জন করাই **علم النحو** এর উদ্দেশ্য।

علم النحو এর আলোচ্য বিষয় :

كَلِمَة ও كَلَام হলো **علم النحو** এর আলোচ্য বিষয়।

www.muslimdm.com

সবক নং ০২

অর্থবোধক শব্দ দু'প্রকার:

(১) مُفْرَد (২) مُرَكَّب

مُفْرَد অর্থ একক বা একা একা। অর্থবোধক একক শব্দকে **مُفْرَد** বলা হয়। **مفرد**

এর অপর নাম كَلِمَةٌ - **চেনার সহজ উপায় হলো:** যে শব্দের আগে এবং পরে অন্য কোনো শব্দ থাকে না। যেমন: . قَلَم . كِتَاب এ শব্দগুলোর আগে ও পরে কোনো শব্দ নেই, তাই শব্দ দুটি **مفرد**

---

[১]. মনের ভাব ব্যক্ত করার পদ্ধতিকে ভাষা বলা হয়। ভাষার শব্দগুলো দুপ্রকার: ১. مَوْضُوْع (অর্থবোধক) ২. مُهْمَل (অর্থহীন) বই টই, ভাত টাত, পান টান, চা টা, কলম টলম। আরবী ভাষায় গভীর দক্ষতা অর্জনের জন্য শব্দজ্ঞান, ছরফ, নাহু, বালাগাত, মানতেক ও উসূলে ফিক্হ্ ভালোভাবে বুঝে পড়া দরকার।

مُرَكَّب অর্থ মিলিত। দুই বা দুইয়ের অধিক শব্দের মিলিত রূপকে مُرَكَّب বলা হয়। অন্যভাবে বলা যায়, যে كلمة এর সাথে অন্য কোনো كلمة থাকে তাকে مركب বলা হয়। যেমন: هذا قَلَمٌ. غُرْفَةُ الْمُعَلِّمِ.

كَلِمَة তিন প্রকার : (ا) إِسْم (ب) فِعْل (ج) حَرْف

اسم এর পরিচয় (Noun):

যে كلمة তিন কালের[২] কোনো একটির সাথে সম্পর্ক রাখা ব্যতীত নিজের অর্থ নিজে প্রকাশ করতে পারে তাকে اسم বলা হয়।[৩]

সহজে বলা যায়, যে কোনো নামকে اسم বলা হয়। যেমন : كِتَاب = বই, وَرَقَة = কাগজ, قَلَم = কলম।

فعل এর পরিচয় (Verb):

যে كلمة তিন কালের কোনো একটির সাথে সম্পর্ক রেখে নিজের অর্থ নিজে প্রকাশ করতে পারে, তাকে فعل বলা হয়।[৪]

সহজে বলা যায়, যে কোনো কাজ করাকে فعل বলা হয়।

যেমন : قَرَأَ = পড়ল, نَصَرَ = সাহায্য করল।

حرف এর পরিচয় :

যে كلمة অন্যের সাথে মিলিত না হয়ে নিজের অর্থ নিজে প্রকাশ করতে পারে না, তাকে حرف বলা হয়।[৫]

সবক নং ০৩

فعل এর আলামত :

[২] . কাল তথা সময় তিন প্রকার: অতীত, বর্তমান ও ভবিষ্যত।

[৩]. যেমন: কাশফি, জুবায়ের, ইউসুফ, সাব্বির, আব্দুল জলিল, মাদরাসা। এ শব্দগুলোর অর্থের সাথে সময়ের কোনো সম্পর্ক নেই। তাই এগুলো اسم হয়েছে।

[৪]. যেমন: পড়ল, সাহায্য করল। এ শব্দগুলো নিজের অর্থ নিজেই প্রকাশ করেছে কিন্তু সময়ের সাথে সম্পর্ক রেখে অর্থ প্রকাশ করতে হয়েছে। কেননা সময় ব্যতীত কখনই কোনো কাজ করা যায় না। তাই এগুলো فعل হয়েছে।

[৫]. যেমন : . هَلْ = কি, فِيْ = মধ্যে। মনে রাখতে হবে, প্রতিটি হরফেরই একটি অর্থ আছে। কিন্তু এ শব্দগুলো নিজের অর্থ নিজে প্রকাশ করতে পারে না। এগুলোর আগে বা পরে কোনো শব্দ ধরা না হলে এগুলোর অর্থ কোনো শ্রোতার বুঝে আসে না। তাই حرف অন্য শব্দের সাথে মিলিত হয়ে অর্থ প্রকাশ করে।

www.muslimdm.com

আরবীতে **فعل** চেনার উপায় :

মীযান ও মুনশায়িব কিতাবদ্বয়ের **اسم الفَاعِل** এর পূর্ব পর্যন্ত সমস্ত রূপান্তর **فعل** হবে। যেমন : . **نَصَرَ يَنْصُرُ لم يَنْصُرْ اُنْصُرْ لَاتَنْصُرْ**

فعل এর আরো কিছু আলামত রয়েছে :

১) কোনো শব্দের শুরুতে **قَدْ** থাকা। যেমন: . **قَدْ نَصَرَ . قَدْ أَفْلَحَ**

২) কোনো শব্দের শুরুতে **س** বা **سَوْفَ** থাকা। যথা : **سَيَنْصُرْنَ . سَوْفَ يَفْعَلُوْنَ**

৩) কোনো শব্দের শুরুতে **لَمْ** থাকা। যেমন: . **لَمْ تَكْذِبْ**

৪) কোনো শব্দের শুরুতে **لَنْ** থাকা। যেমন: . **لَنْ يُخَادِعَ . لَنْ تُذْنِبَ**

সবক নং ৪

www.muslimdm.com

حرف গুলো মুখস্থ করে নিতে হবে। যেমন নিম্নে বহুল ব্যবহৃত কিছু **حرف** উল্লেখ করা হলো।

যেমন:

بِ .ت. كَ. لِ. وَ.مُنْذُ. مُذْ.خَلا.رُبَّ.حَاشَا.مِنْ. عَدَا.فِيْ.عَنْ.عَلى.حَتّى.إِلى. إِنَّ.أَنَّ.كَأَنَّ. لَيْتَ. لكِنَّ. لَعَلَّ. وَ. أَوْ. أَمْ. فَ. ثُمَّ. أَمْ. لكِنْ. أَمَّا. إِمَّا. أَنْ. لَنْ. كَيْ. إِذَنْ. إِنْ .لَمْ. لَمَّا. لَا. مَا.

اسم এর আলামত[৬]**:**

১) যে আরবী শব্দটি **حرف/ فعل** নয় তা-ই সাধারণত **اسم** হবে। যেমন: **قَلَم، مِنْضَدَة**

২) কোনো শব্দের শুরুতে **ال** থাকা। যেমন : **اَلْمُعَلِم، التصوُّف، الْكِتَاب**

৩) কোনো শব্দের শেষে **تنوين** (ًٌٍ) থাকা। যেমন : **عَالِم، تِلْمِيْذ**

৪) কোনো শব্দের শেষে **ة** (গোল তা) থাকা। যেমন : **طَاوِلَة، قَلَنْسُوَة**

৫) কোনো কিছুর নাম বুঝানো।
যেমন: **مَكَّة. مَدِيْنَة. عُمَرُ. ابن مسعود.عِرَاقْ. بَالَاكُوْتْ. فُرْفُوْرَة. نِّتَارُ الدِّيْن بَنْغَلَادِيْشْ.سَرْسِيْنَة.**

৬) **اسم الْفَاعِل، اسم الْمَفْعُوْل، اسم الظرْف، اسم الْآلَة، اسم التفْضِيْل** এ সকল বাহাছের রূপান্তর হওয়া। যেমন : . **قَاصِدٌ. مَقْبُوْلٌ. مِفْتَاحٌ . مَكْتَبٌ . أَعْلَمُ**

সবক নং ০৫

---

[৬]. **اسم** সম্পর্কে ভালো দক্ষতা অর্জনের জন্য ‘এসো আরবী শিখি’ কিতাবের প্রথম একশত চার পৃষ্ঠা ভালভাবে দেখা যেতে পারে। এ একশত চার পৃষ্ঠার অধিকাংশ শব্দই **اسم**।

প্রিয় শিক্ষার্থী! আরবী বাক্যের অর্থ না বোঝেও বাক্যে ব্যবহৃত অধিকাংশ শব্দ তারকীবে কী হয়েছে তা সহজে জানার জন্য **مَعْرِفَة** ও **نَكِرَة** এর জ্ঞানার্জন আবশ্যক। তাই এখানে **معرفة** এর আলোচনা তুলে ধরা হলো।

مَعْرِفَة এর পরিচয় : যে **اسم** দ্বারা নির্দিষ্ট কিছুকে বোঝানো হয় তাকে **معرفة** বলা হয়। **معرفة** সাত প্রকার :

১. **عَلَم**   ২. **ضَمِيْر**   ৩. **اسم الْإِشَارَة**   ৪. **اسم الْمَوْصُوْل**

৫. **مُعَرَّفٌ بِاللَّامِ** : **ال** যুক্ত **اسم**   ৬. **مُضَاف إِلى الْمَعْرِفَة**   ৭. **مُنَادى**

১. **عَلَم** : যে **اسم** দ্বারা নির্দিষ্ট ব্যক্তি, বস্তু, প্রতিষ্ঠান, সংগঠন বা স্থানকে বোঝায়।[৭]

সহজে বলা যায়, পৃথিবীতে যা একটা।

যেমন: **اللهُ، مُحَمَّدٌ، فُرْفُورَة، نِثَارُ الدِّيْن، بَنْغَلَادِيْش، سَرْسِيْنَة، دَارُ النَجَاة، دَاكا.**

www.muslimdm.com

সবক নং ০৬

২. **ضَمِيْر (Pronoun):**

যা নামের পরিবর্তে ব্যবহৃত হয়। যেমন :

هُوَ هُمَا هُمْ هِيَ هُمَا هُنَّ أَنْتَ أَنْتُمَا أَنْتُمْ أَنْتِ أَنْتُمَا اَنْتُنَّ اَنَا نَحْنُ كَ كُمَا كُمْ كِ كُمَا كُنَّ ي نَا هـ هـ هَا

৩. **اسم الْإِشَارَة** : যে শব্দ দ্বারা কোনো কিছুর প্রতি ইশারা করা হয়। যেমন:

هذا، هذان، هذِه، هاتان، ذلك، ذَانِكَ، تِلْكَ، تَانِكَ، أُولئِكَ، هؤُلَاءِ

এগুলোর পর **ال** যুক্ত **اسم** কে **مُشَارٌ إِلَيْه** বলা হয়। **مُشَارٌ إِلَيْه** কে **صِفَة** ও বলা হয়।[৮] যেমন: **هذا الرَّجُلُ. تِلْكَ. تَانِكَ الْمِرْوَحَتَانِ. هؤلاءِ الرِّجَالُ. الْمَدْرَسَةُ**

---

৭. দুনিয়াতে যা ১টি।

৮.

مؤنث+بعيد	مذكر+بعيد	مؤنث+ قريب	مذكر+قريب	
تلك	ذلك	هذه	هذا	واحد
تانك	ذانك	هاتان	هذان	تثنية
أولئك	أولئك	هؤلاء	هؤلاء	جمع

সবক নং ৭

الاسْمُ الْمَوْصُوْل :

যে, যিনি, যারা, যেগুলো, যাকে, যাদেরকে এ ধরনের অর্থে ব্যবহৃত اسم কে

الاسْمُ الْمَوْصُوْل বলা হয়।

যেমন: اَلَّذِيْ، اَللَّذَانِ، الذِيْنَ، اَلَّتِيْ، اَللَّتَانِ، اَللَّاتِيْ، مَنْ، مَا، أَيٌّ، أَيَّةٌ - الاسْمُ الْمَوْصُوْل এর পরের অংশকে صِلَة বলা হয়[১]।

⇨ الاسم الموصول তার صلة মিলে কখনো পূর্ণ বাক্য হয় না। বরং পূর্ণ বাক্যের অংশ হয়। যেমন : اَلَّذِيْنَ يُؤْمِنُوْنَ بِالْغَيْبِ.

সবক নং ০৮

৫. مُعَرَّفٌ بِاللَّام (The): ال যুক্ত শব্দ। যেমন: اَلْمُتَعَلِّمُ. اَلْقَلَمُ. اَلشَّيْخُ. الكِتَابُ. الأُسْتَاذُ বাংলায় ال এর অনুবাদ হল : টি, টা, গুলো, গুলি, খানা, খানি ইত্যাদি।

৬. مُضَافٌ إلى الْمَعْرِفَة : مَعْرِفَة এর প্রথম পাঁচ প্রকারের পূর্বে نَكِرَة ব্যবহৃত হলে উক্ত نكرة টি معرفة হবে। যেম : كتابُ الْمُعَلِّمِ. ذلك قَمِيْصُهُمْ. قَلَمُ هذا جَدِيْدٌ.

৭. مُنَادى : যাকে ডাকা হয় তাকে منادى বলা হয়। যে হরফ দ্বারা ডাকা হয় তাকে حرف النداء বলা হয়। حروف النداء ৫টি- يَا،أَيَا، هَيَا،أَيْ، أَ -

যেমন: يَا رَجُلُ. أَيْ تِلْمِيْذُ. يارَسُوْلُ سَلَامُ عَلَيْكَ.يَا نَبِي سَلَامُ عَلَيْكَ.

সবক নং ০৯

www.muslimdm.com

[১].

	مذكر	مؤنث
واحد	الذي	التي
تثنية	الذان	التان
جمع	الذين	اللاتي

نَكِرَة এর পরিচয় : ওপরের সাত প্রকার ব্যতীত বাকি اسم গুলো نكرة হবে।

যেমন : بَلَدٌ. قَرْيَةٌ. مَدْرَسَةٌ.غُرْفَةٌ. أُسْتَاذٌ. مُتَصَوِّفٌ. قَلَمٌ. كُرَّاسَةٌ.طَالِبٌ.

فعل ও حرف কখনো معرفة বা نكرة কোনটিই হবে না।

সবক নং ১০

নিম্নের টেবিলটি বোঝার চেষ্টা করো।

القاعدة		مثال
১) مَعْرِفَة + نَكِرَة	مُبْتَدَأ + خَبَر .	اَلْكِتَابُ مُفِيْدٌ
২) نكرة + معرفة	مُضَاف + مُضَاف إِلَيْه.	كِتَابُ الْأُسْتَاذِ
৩) نكرة + نكرة	مَوْصُوْف + صِفَة	تِلْمِيْذٌ ذَكِيٌّ
معرفة + معرفة		اَلتِّلْمِيْذُ الْمُؤَدَّبُ

বাক্যের শুরুতে معرفة আসলে مُبْتَدَأ হবে। مُبْتَدَأ এর পর যা থাকবে তা خَبَرহবে। যেমন : اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ. এখানে الحمد শব্দটি مُبْتَدَأ হয়েছে।

لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ অংশটুকু خبر হয়েছে। এভাবে, اَلرِّجَالُ قَوَّامُوْنَ عَلَى النِّسَاءِ.

اَلتِّلْمِيْذُ خَادِمُ الْأُسْتَاذِ. الْأُسْتَاذُ نَاصِحُ الطُّلَّابِ. اللّٰهُ أَعْلَمُ بِمَنْ هُوَ اَهْدٰى سَبِيْلاً.

www.muslimdm.com

সবক নং ১১

বাংলা বাক্যে مبتدأ ও خبر (Subdect & Predicate) চেনার উপায় :

اسم বাক্যের শুরুতে আসলে **مبتدأ** হবে। যেমন: ছেলে ভাল। কলম নতুন।

মাদরাসা প্রসিদ্ধ। আরবীতে এবং বাংলাতে **مبتدأ** শুরুতে আসে এবং خبر পরে আসে।[১০]

সবক নং ১২

বাংলা বাক্যে صِفَة ও مَوْصُوْف (Adjective) চেনার উপায় :

বাংলা বাক্যে صفة ও **موصوف** চেনার উপায় হল : **বাংলা বাক্যে পাশাপাশি দু'টি শব্দে, দোষ-গুণ বা রং জাতীয় শব্দটি আগে থাকলে সেটি** صفة **হবে।**[১১]

আরবীতে **موصوف** আগে থাকে এবং صفة পরে থাকে। আর বাংলায় صفة আগে থাকে এবং **موصوف** পরে থাকে। যেমন: **ভদ্র** ছাত্র = **تِلْمِيْذٌ مُؤَدَّبٌ** **পরিচ্ছন্ন** কাপড় = ثَوْبٌ نَظِيْفٌ **উপকারী** কিতাব = كِتَابٌ مُفِيْدٌ

সবক নং ১৩

বাংলা বাক্যে مُضاف ও مضاف إليه (Possessive) চেনার উপায় :

বাংলায় **مضاف ও مضاف إليه** চেনার উপায় হলো: পরস্পর দু'শব্দের মাঝে 'র' যুক্ত শব্দটি **مضاف إليه** হয়[১২]। যেমন: মাদরাসার ছাত্র = تِلْمِيْذُ الْمَدْرَسَةِ নবীর -

প্রেমিক = مُحِبُّ النَّبِيِّ পিরের মুরিদ= مُرِيْدُ الْمُرْشِدِ.

---

[১০]. এ বিষয়টি ভালোভাবে আয়ত্ব করার জন্য "এসো আরবী শিখি" (খণ্ড-১, পৃ: ৩৯, ৪০-৪২, ৪৭-৪৮) কিতাবের এবং আততামরীন আলকিতাবী এর প্রথম কয়েকটি তামরীন বুঝে বুঝে পড়া যেতে পারে।

[১১]. প্রাগুক্ত

[১২]. অনেক সময় উচ্চারণের সুবিধার্থে **مضاف مضاف إليه** এর মাঝে 'র' বর্ণ থাকে না। যেমন: প্রধান মন্ত্রী।

www.muslimdm.com

বাংলাতে **مضاف إليه** প্রথমে থাকে এবং **مضاف** পরে থাকে।

আর আরবীতে **مضاف** প্রথমে থাকে এবং **مضاف إليه** পরে থাকে।[১৩]

مضاف এ ال ، تنوين এবং تثنية ও جمع এর نون আসে না:

যেমন: تِلْمِيْذُ المَدْرَسَةِ. এখানে تلميذ শব্দটি **مضاف** হওয়ার কারণে ال এবং তানভীন ব্যবহৃত হয়নি। طَالِبُوْ المدرسة. تِلْمِيْذا المدرسة এখানে **تلميذان** এবং **طالبون** ছিল।

এসো আরবি শিখি, খ. ১, পৃ. ৩৮-৪৪

সবক নং ১৪

নিম্নের ছকটি লক্ষ করো:

	নিয়ম	উদাহরণ	
مبتدأ + خبر	বাক্যের শুরুতে اسم আসলে مبتدأ হয়। পরের শব্দগুলো خبر হয়।	আল্লাহ্ আমাদের প্রভু আমাদের প্রভু আল্লাহ্	اللّٰهُ رَبُّنَا رَبُّنَا اللّٰهُ
موصوف + صفة	বাংলা বাক্যে পাশাপাশি দু'টি শব্দে, দোষ-গুণ বা রং জাতীয় শব্দটি আগে থাকলে সেটি صفة হবে।	ভদ্র ছেলে পরিচ্ছন্ন রুম আদর্শ ছাত্র	وَلَدٌ مُؤَدَّبٌ غُرْفَةٌ نَظِيْفَةٌ تِلْمِيْذٌ نَمُوْذَجِيٌّ
مضاف + مضاف إليه	পরস্পর দু'শব্দের মাঝে 'র' যুক্ত শব্দটি مضاف إليه হয়।	আবরারের জামা বাবার হাদীয়া	قَمِيْصُ الْأَبْرَارِ هَدِيَّةُ الْوَالِدِ

সবক নং ১৫

[১৩]. প্রথম খণ্ডের দরসে সাদেস পড়া যেতে পারে। এ তিনটি বিষয় আয়ত্ব করার জন্য "এসো আরবী শিখি" এবং "আততামরীন আলকিতাবী" কিতাবের প্রথম চল্লিশ পৃষ্ঠা পড়া দরকার।

الأسماء المركبة বা যুক্ত اسم (এ পরিভাষাটি নাহুর নয় বরং ক্লাসিক্যল) **এর আলোচনা :**

{مضاف+مضاف إليه} {موصول+صلة} {إشارة+مشار إليه} {موصوف+صفة}

তারকীবে এগুলো সর্বদা দুটি اسم মিলে একটি اسم এর হুকুমে থাকবে। অর্থাৎ مبتدأ، فاعل، خبر، نَائِبُ الْفَاعِلِ বা مفعول হবে। যেমন: هذَا تِلْمِيْذٌ مُؤَدَّبٌ. (এ একজন ভদ্র ছাত্র) এ বাক্যে تِلْمِيْذٌ مُؤَدَّبٌ শব্দদুটি মিলে একটি خبر হয়েছে।

تِلْكَ الْقَلَنْسُوَةُ جَمِيْلَةٌ. (**ঐ টুপিটি** সুন্দর) এ বাক্যে تِلْكَ الْقَلَنْسُوَةُ এ দুটি اسم মিলে একটি مبتدأ হয়েছে।

সবক নং ১৬

أَفْلَحَ طَالِبُ الْعِلْمِ. (**ইল্‌ম অন্বেষী** সফল হয়েছে) এ বাক্যে طَالِبُ الْعِلْمِ এ দুটি اسم মিলে একটি فاعل হয়েছে।

ضمير কখনো موصوف বা صفة কোনটিই হবে না। আর عَلَم সাধারণত صفة হয় না। যেমন: هي زَيْنَبُ এ বাক্যে معرفة এর পর معرفة আসা সত্ত্বেও هی শব্দটি موصوف না হয়ে مبتدأ হয়েছে। আর زينب শব্দটি عَلَم হওয়ার কারণে معرفة হওয়া সত্ত্বেও صفة না হয়ে خبر হয়েছে।

مبتدأ এর أصل হল معرفة হওয়া এবং خبر এর أصل হল نكرة হওয়া।

যে সকল শব্দ صفة হওয়ার যোগ্যতা রাখে:

১. اسم فاعل যেমন: هذا تلميذ عابد.

২. اسم مفعول যেমন: المعلم رجل محبوب.

৩. فَعِيْلٌ فَعُوْلٌ فَعَّالٌ ওযনে যে কোনো শব্দ।

যেমন: أبوحنيفةَ إِمَامٌ فَقِيْهٌ. الأستاذُ رَجُلٌ وَدُوْدٌ. لايدخل الجنةَ رجل مَنَّانٌ.

৪. اسم مَنْسُوْب (কোনো কিছুর প্রতি সম্পৃক্ত করে যে নাম ডাকা হয়)

যেমন: هذا رَجُلٌ مِصْرِيٌ

৩. اسم الإشارة যেমন: مِنْ فَوْرِهِمْ هذا.

৫. مشار إليه যেমন: ذلكَ الْكِتَابُ لَارَيْبَ فِيْهِ

৬. اسم الموصول যেমন: قَدْ أَفْلَحَ الْمُؤْمِنُوْنَ الَّذِيْنَ هُمْ فِيْ صَلاَتِهِمْ خَاشِعُوْنَ.

● **কায়দা:** نكرة এর পর نكرة এসে ২য়টি صفة হওয়ার যোগ্য না হলে موصوف صفة না হয়ে مضاف مضاف إليه، হবে। যেমন: بَيْتُ رَجُلٍ. তেমনি معرفة এর পর معرفة এসে ২য় টি صفة হওয়ার যোগ্য না হলে موصوف صفة না হয়ে خبر، مبتدأ অথবা فاعل ও مفعول হবে। যেমন: نَصَرَ إِبْرَاهِيْمُ مَامُوْنًا.

www.muslimdm.com

সবক নং ১৭

مُؤَنَّث ও مُذَكَّر (Masculin & Feminine) এর আলোচনা[১৪]

مُؤَنَّث এর আলোচনা:

ব্যবহারের দিক থেকে **مؤنث** দুপ্রকার: **مؤنث مَعْنَوِيْ مؤنث لَفْظِيْ**، কোনো শব্দের শেষে **مؤنث** এর আলামত তথা **ألف مقصورة، ألف ممدودة، ة** থাকলে তাকে **مؤنث لفظي** বলা হয়। যেমন: خَدِيْجَة. شُهَدَاءُ. كُرْمى. مَارِيَةُ. خَالَةٌ.بَرِيرَةٌ

যে সকল শব্দ **مؤنث** এর আলামত ব্যতীত **مؤنث** হিসেবে ব্যবহৃত হয় তাকে **مؤنث معنوي** বলা হয়। যেমন: أُخْتٌ. أُمٌّ. حَيْضٌ. زَيْنَبُ. نِفَاسٌ.

مؤنث চেনার কিছু সহজ উপায় :

ক. মহিলাদের নাম হওয়া। যেমন: خَدِيْجَة. فَاطِمَة. عَائِشَة. زَيْنَب. مَارِيَة.

খ. মহিলাদের কোনো বৈশিষ্ট্য হওয়া। যেমন: أُخْت. أُمّ. خَالَة. حَيْض. نِفَاس

গ. কোনো শব্দের শেষে গোল তা (ة) থাকা। যেমন: مِرْوَحَة. كُرَّاسَة. بَقَرَة.

ঘ. কোনো স্থানের নাম হওয়া। যেমন: مَدِيْنَة. فُوْرْفُوْرَة. سَرْسِيْنَة. دَاكَا.

ঙ. **مؤنث سَمَاعِيْ** তথা এমন শব্দ যাতে **مؤنث** এর আলামত নেই, কিন্তু আরবগণ **مؤنث** হিসেবে ব্যবহার করে থাকেন। যেমন: মানুষের জোড়া অঙ্গগুলো (يَد. = হাত, عَيْن. = চোখ, رِجْل. = পা, فَخِذ = রান ইত্যাদি) এবং سَمَاء. = আকাশ, أَرْض = জমিন, حَال = অবস্থা , عَصى. = লাঠি ইত্যাদি শব্দ। **مؤنث سَمَاعِي** চেনার কোনো নির্দিষ্ট নিয়ম নেই। আরবী ভাষার ব্যবহার দেখে দেখে জেনে নিতে হবে।

সবক নং ১৮

[১৪]. যে শব্দ দ্বারা পুরুষ জাতিকে বোঝায় তাকে مذكر, আর যে শব্দ দ্বারা নারী জাতিকে বোঝায় তাকে مؤنث বলা হয়।

www.muslimdm.com

চ. শব্দের শেষে **اِلف مَقْصُوْرَة** বা **اِلف مَمْدُوْدَة** হওয়া।

কোনো **اسم** এর শেষে **الف** এর পর হামযাহ না থাকলে তাকে **ألف مقصورة** বলা হয়। এ **ألف مقصورة** অধিকাংশ সময় **ى** এর আকৃতিতে থাকে। যেমন:.**ذِكْرى. كُرْمى. حُبْلى** আর কোনো **اسم** এর শেষে **ألف** এর পর হামযাহ থাকলে তাকে **ألف مَمْدُوْدَة** বলা হয়। যেমন : **سَوْدَاء. حَمْرَاء. شُهَدَاء.**

ألف ممدودة ও **الف مقصورة** টি **الف مؤنث** হওয়ার জন্য শর্ত হলো **الف**, এর পূর্বে মূল তিন অক্ষর থাকা। যেমন: **سَوَاءٌ** শব্দটিতে **الف ممدودة** থাকা সত্ত্বেও **مؤنث** হবে না। কেননা **ألف** এর পূর্বে তিন অক্ষর নেই। আবার **أَسْمَاءٌ** শব্দটিও **مؤنث** হবে না। কেননা এখানে **ألف** এর পূর্বে মূল তিন অক্ষর নেই। কারণ **أسماء** এর **أ** টি মূল অক্ষর নয়।

www.muslimdm.com

مؤنث এর প্রকারভেদ :

সৃষ্টিগতভাবে مؤنث দু'প্রকার :

حَقِيْقِيْ (প্রাণী জাতীয়) যেমন : اِمْرَأَة. بَقَرَة. شَاة.

غَيْرُ حقيقي (প্রাণী জাতীয় নয়) طَاوِلَة. مِرْوَحَة. مَسَّاحَة.

সবক নং ১৯

فاعل[১৫] ও مفعول[১৬] (Subject & Object) চেনার উপায়

فاعل ও مفعول কে সহজে চেনার জন্য ১৪ ছীগাকে দু'ভাগে ভাগ করা হয়েছে।

১. দু'ছীগাহ্। যথা : واحد مذكر غائب ও واحد مؤنث غائب

যেমন : فَعَلَ فَعَلَتْ يَفْعَلُ تَفْعَلُ لِيَفْعَلْ لِتَفْعَلْ ইত্যাদি।

১. বাকি ১২ ছীগাহ্। যেমন : فَعَلْتَ.تَفْعَلِيْنَ. لَمْ يَفْعَلُوْا. لَنْ تَفْعَلَا. اِفْعَلْ ইত্যাদি।

সবক নং ২০

فاعل চেনার ৪টি উপায়

১. দু'ছীগার পূর্বে কোনো اسم না থাকলে পরের اسم টি فاعل হবে।

যেমন : قَدِمَ الْمُعَلِّمُ. = শিক্ষক তাশরীফ এনেছেন।

لَنْ يَرْسُبَ تِلْمِيْذٌ مُطِيْعٌ. = অনুগত ছাত্র কখনো ব্যর্থ হবে না।

قَدْ أَفْلَحَ الطَّالِبُ الشَّرِيْفُ. = ভদ্র ছাত্রটি অবশ্যই সফল হয়েছে।

২. দু'ছীগার পূর্বে কোনো اسم থাকলে দু'ছীগার فاعل টি فعل এর ভেতরে থাকে।

যেমন : اَلْمُعَلِّمُ قَدِمَ এখানে قدم এর ভেতরে هو আছে, যা فاعل হয়েছে।

---

[১৫]. যে কাজ করে তাকে فاعل বলা হয়।

[১৬]. যার ওপর কোনো কাজ পতিত হয় তাকে مفعول বলা হয়।

www.muslimdm.com

৩. ১২ ছীগার আলামত সর্বদা **فاعل** হবে।

যেমন : **قَرَأْتُ** এখানে **تُ** বর্ণটি **فاعل** হয়েছে। **يَفْعَلُوْنَ** এর **و** টি **فاعل** হয়েছে।

মনে রাখতে হবে, **تُمْ** এর পর যমীর আসলে **تَخْفِيْفًا** (উচ্চারণের সুবিধার্থে) **تُمْ** এর পর একটি **واو** বৃদ্ধি করে **تُمْ** এর **مِيْم** বর্ণে পেশ দিতে হয়। যেমন: **رَأَيْتُمْ + ه = رَأَيْتُمُوْه.**

সবক নং ২১

৪. যদি দু'ছীগার পরে **ضمير** থাকে, তাহলে **ضمير** এর পরের **اسم** টি **فاعل** হবে। যেমন: **اَلْقُرْآنُ يَحْفَظُه الْمُتَّقُوْنَ.**=আল্লাহ্‌ভীরু লোকেরা কুরআন মুখস্থ করে। **اَلْمَسْجِدُ يُكَنِّسُه الصَالِحُوْنَ.** = ভালো লোকেরা মসজিদ ঝাড়ু দেয়।

اَلْأَسَاتِذَةُ يَتَفَقَّدُهُمُ التِّلْمِيْذُ النَّمُوْذَجِيُّ = আদর্শ ছাত্র শিক্ষকদের খোঁজ-খবর রাখে।

مضارع، أمر، نهي[১৭] **এ তিন বহছের তিন ছীগার** **فاعل** **সর্বদা** **ضمير مُسْتَتِر** **হবে। ছীগাহ্ তিনটি হলো :** **واحد مذكر حاضر. واحد متكلم. جمع متكلم.**

تَفْعَلُ = أَنْتَ. أَفْعَلُ = أَنَا. نَفْعَلُ = نَحْنُ.

সবক নং ২২

مَفْعُوْل চেনার ৪ টি উপায়

১. দু'ছীগার পূর্বে কোনো **اسم** থাকলে পরের **اسم** টি **مَفْعُوْل** হবে।

যেমন : **اَلتِّلْمِيْذُ دَرَسَ كِتَابًا. اَلطَّالِبُ يُعَظِّمُ الْمُعَلِّمِيْنَ. اَلنَّاسُ يَحْتَرِمُ الْعُلَمَاءَ**

২. বাকি ১২ ছীগার পরের **اسم** সর্বদা **مَفْعُوْل** হবে।

যেমন : **حَفِظْتُ الْأَحَادِيْثَ. تَلَوْتُ الْقُرْآنَ الْكَرِيْمَ. أَكْرَمْنا ضُيُوْفَنَا. نَرْحَمُ التَّلَامِيْذَ.**

ᴅ নং ২৩

[১৭]. **مضارع** এর বার বহছ।

www.muslimdm.com

২. **فعل** এর পর **ضمير** আসলে **ضمير** টি সর্বদা **مفعول** হবে।

যেমন: **المُعَلِّمُوْنَ لَيُجِيْبَنَّهُمْ الطَّالِبُ الصَّالِحُ.** = যোগ্য ছাত্র অবশ্যই শিক্ষকের ডাকে সাড়া দিবে।

اَلْمَسْجِدُ يُنَظِّفُه الصَالِحُوْنَ. = ভালো লোকেরা মসজিদ পরিষ্কার করে।

8. **فعل مُتَعَدِّيْ** এর **فاعل** এর পরের **اسم** টিও **مفعول** হয়।

যেমন : **دَرَسَ شَرِيْفٌ كِتَابًا.** (শরিফ কিতাব পাঠ করল) **أَحْسَنَ الْمُتَعَلِّمُ أَخْلَاقَه.** (ছাত্রটি তার চরিত্রকে সুন্দর করল)

এসো আরবি শিখি, খণ্ড-২য়, পৃ. ৬, ২৯-৩৪

www.muslimdm.com

সবক নং ২৪

نائب الفاعل[১৮] চেনার উপায়

যে নিয়মে **فاعل** চেনা যায় সে নিয়মেই **نائب الفاعل** চেনা যায়, যদি **فعل** টি **مَجْهُوْل** হয়। যেমন : **عُذِّبَ العَاصِيْ.** = অন্যায়কারীকে শাস্তি দেয়া হয়েছে।

رُحِمْتُ. = আমাকে দয়া করা হয়েছে।

أُصْلِحَ الفارُّوْنَ. = ফাঁকিবাজদেরকে সংশোধন করা হয়েছে।

সবক নং ২৫

جملة (Sentence) এর পরিচয় :

মনের ভাব পূর্ণরূপে প্রকাশ পায়[১৯] এমন শব্দ সমষ্টিকে বাক্য বলা হয়। আরবীতে বাক্যকে **جُمْلَةٌ/ كَلَام / مُرَكَّب مُفِيْد** বলা হয়।[২০]

---

[১৮]. যে **فعل** এর **فاعل** উল্লেখ না থাকায় **مفعول** কে **فاعل** এর স্থানে রাখা হয় তাকে **نائب الفاعل** বলা হয়।

[১৯]. পূর্ণরূপে প্রকাশ পাওয়া দ্বারা উদ্দেশ্য হলো, বাক্যে **مُسْنَد, مُسْنَد إِلَيْه** থাকা।

[২০]. উদ্দেশ্যমূলক বা উদ্দেশ্যহীন উভয় বাক্যের ক্ষেত্রে جملة, আর শুধু উদ্দেশ্যমূলক বাক্যের ক্ষেত্রে كلام ব্যবহৃত হয়।

⇨ যে جملة দ্বারা কোনো خَبَر বুঝায় তাকে جملة خَبَرِيَّة বলা হয়।[২১]

⇨ যে جملة দ্বারা কোনো طَلَب (চাওয়া) বুঝায় তাকে جملة طَلَبِيَّة বা جُمْلَة إِنْشَائِيَّة বলা হয়।

⇨ أَمْر، نَهْي، اِسْتِفْهَام، تَمَنِّيْ، تَرَجِّيْ، عُقُوْد، قَسَم، نِدَاء، عَرَض، تَعَجُّب ইত্যাদি جملة এর শুরুতে আসলে جملة إنشائية হয়। যেমন: هَلْ أَطَعْتَ شَيْخَكَ؟ (তুমি কি তোমার শায়খের আনুগত্য করেছ?)

⇨ فعل ও فاعل মিলে جملة فِعْلِيَّة হয়। যেমন : يُطِيْعُ أَسَدٌ أُسْتَاذَه.

⇨ مبتدأ ও خبر মিলে جملة اسمية হয়। যেমন : مَهْدِيْ يُعَلِّمُ أُسْتَاذَه.

বাক্যে যাকে নিয়ে আলোচনা করা হয় তাকে مُسْنَد إِلَيْه (Subject) এবং যে আলোচনা করা হয় তাকে مُسْنَد (Predicate) বলা হয়। তাই مبتدأ/فاعل এর অপর নাম হল مُسْنَدٌ إِلَيْه আর فعل/خبر এর অপর নাম হল مُسْنَدٌ

www.muslimdm.com

সবক নং ২৬

فعل مُتَعَدِّيْ (Transitive verb) ও فعل لَازِم (Intransitive verb) এর আলোচনা:

যে فعل তার فاعل কে নিয়ে অর্থ প্রকাশে পূর্ণতা লাভ করে তাকে فعل لازم বলা হয়।

আর যে فعل তার فاعل কে নিয়ে অর্থ প্রকাশে পূর্ণতা লাভ করে না বরং مفعول به এর প্রয়োজন হয় তাকে فعل مُتَعَدِّيْ বলা হয়।

- সাধারণত فعل لَازِم এর সাথে مفعول بِه ব্যবহৃত হয় না।
- فعل مُتَعَدِّيْ এর জন্য مفعول به আবশ্যক।

لازم এবং مُتَعَدِّيْ চেনার সহজ উপায় :

فعل এবং فاعل কে একত্র করে "কী" বা "কাকে"[২২] দ্বারা প্রশ্ন করা সম্ভব হলে فعل টি متعدي হবে। প্রশ্ন করা সম্ভব না হলে فعل টি لازم হবে।

যেমন: نَصَرَ بَهَاءُ الدِّيْن. = বাহাউদ্দিন সাহায্য করল। এখানে فعل এবং فاعل কে একত্র করা হয়েছে। এখন প্রশ্ন করা যায়, বাহাউদ্দিন কাকে সাহায্য করল? তেমনিভাবে حَفِظَ شَرْفُ الدِّيْنِ. শরফুদ্দিন মুখস্থ করল। প্রশ্ন করা যায়, শরফুদ্দিন কী মুখস্থ করল? তাই قَرَأَ এবং نَصَرَ

مُرَكَّب এর প্রকারভেদ:

مركب مفيد - ১. مُرَكَّب مُفِيْد ২. مُرَكَّب غَيْرُ مُفِيْد. مركب مفيد দুপ্রকার : جملة إنشائية جملة خبرية, جملة خبرية আবার দুপ্রকার : جملة اسمية جملة فعلية

مركب غير مفيد পাঁচ প্রকার : ১. مركب إضافي = مضاف + مضاف إليه ২. مركب توصيفي = موصوف + صفة ৩. مركب مَنْعُ الصَّرْفِ/ اِمْتِزَاجِيْ/مَزْجِيْ = حَضْرَ+مَوْتُ - بَعْلَ+بَكُّ ৪. مركب بنائي/تِعْدادي = أحد عشر, تِسْعَةَ عَشَر ৫. مركب صَوْتِي = سِيْبَوَيْهْ আর مُرَكَّب مُفِيْد এর অপার নাম مركب إسنادي = فعل+فاعل, مبتدأ+خبر

[২২]. অনেক সময় "কী" এর পরিবর্তে "কোন্" এবং "কাকে" এর পরিবর্তে "কার" "কিসের" দ্বারাও প্রশ্ন করতে হয়। যেমন: مَلَكَ মালিক হল। এ فعل এর ক্ষেত্রে "কার" দ্বারা প্রশ্ন করতে হবে।

- **فعل** দু'টি **مُتَعَدِّي** হয়েছে। কিন্তু, **تَهَجَّدَ شَرِيْفٌ**. শরিফ তাহাজ্জুদ পড়ল। এখানে যদি প্রশ্ন করা হয়, শরিফ কী তাহাজ্জুদ পড়ল? শরিফ কাকে তাহাজ্জুদ পড়ল? প্রশ্নটি যথার্থ হবে না। তাই "তাহাজ্জুদ পড়া" **فعل** টি **لازم** - এ ভাবে **فعل** এবং **فاعل** কে একত্রে উল্লেখ করে প্রশ্ন করতে হয়।

সবক নং ২৭

<u>**فاعل** এর সাথে **فعل** এর ব্যবহার</u>

✓ **فاعل** টি **اسم ظاهر** হলে **فعل** সর্বদা **واحد** হবে।

● **فاعل** টি যমীর না হয়ে **فعل** এর পরে উল্লেখ থাকলে তাকে **اسم ظاهر** বলা হয়। যেমন :

يَدْرُسُ التِّلْمِيْذُ كِتَابًا	ছাত্র কিতাব পড়ছে।
يَدْرُسُ التِّلْمِيْذَانِ كتابًا	ছাত্র দুজন কিতাব পড়ছে।
يَدْرُسُ التَّلَامِيْذُ كِتَابًا.	ছাত্ররা কিতাব পড়ছে।

✓ **فاعل** টি সাধারণত **مذكر** হলে **فعل** টিও **مذكر** হবে। **فاعل** টি **مؤنث** হলে **فعل** টিও **مؤنث** হবে। যেমন : قَرَأَ الطَّالِبُ الْقُرْآن - قَرَأَتْ فَاطِمَةُ الْقُرْآنَ

সবক নং ২৮

✓ **فاعل** যদি **جَمْع مُكَسَّر** হয়, তাহলে **فعل** কে **مذكر** বা **مؤنث** উভয়ই আনা বৈধ। যেমন : قَالَتِ الْأَعْرَابُ[২৩] - قَالَ نِسْوَةٌ فِيْ الْمَدِيْنَةِ. آمَنَّا

✓ **فاعل** টি **مُتَّصِل حقيقي مؤنث** হলে **فعل** কে **مؤنث** নেয়া ওয়াজিব।

(এখানে **مُتَّصِل** দ্বারা উদ্দেশ্য হলো: **فعل** ও **فاعل** এর মাঝে কোনো শব্দ না থাকা) যেমন: حَفِظَتْ بَرِيْرَةُ سُوْرَةَ يس. طَبَخَتْ مَرْيَمُ لَحْمًا.

[২৩] **قول** মাসদারের **فعل** গুলোর তারকীবের নিয়ম হলো, **قال** এবং তার **فاعل** মিলে **قَوْلٌ**, বাকি **جملة** টা **مَقُوْلٌ** ।

www.muslimdm.com

সবক নং ২৯

✓ অথবা **فعل** টি **مؤنث** এর পরে ব্যবহৃত হলে **فعل** কে **مؤنث** নেয়া ওয়াজিব। যেমন: **السُّوْرَةُ حُفِظَتْ. المِرْوَحَةُ عُلِّقَتْ بِالسَّقْفِ. طُوْبِى ماتَتْ نَهَارًا.**

সহজে বলা যায়, **اسم** এর পর **فعل** আসলে **اسم** যেমন **فعل** ও তেমন।

✓ অন্যথায় **مذكر** বা **مؤنث** যে কোনো একটি ব্যবহার করা জায়েয। যেমন:

حُفِظَتِ السُّوْرَة.অথবা **صَامَتِ الْيَوْمَ مَرْيَمُ. حُفِظَ السُّوْرَةُ.** অথবা **صَامَ الْيَوْمَ مَرْيَمُ.**

এসো আরবি শিখি, খ. ৩, পৃ. ৫-৬ ,১৪, ১৯

www.muslimdm.com

সবক নং ৩০

جمع غَيْرُ عَاقِل এর ব্যবহার

জিন, মানুষ ও ফেরেশতাবাচক শব্দ ব্যতীত যে কোনো শব্দের **جمع** কে **جمع غَيْر عاقِل** বলা হয়। এ ধরনের শব্দ যদি **مبتدأ** বা **موصوف** হয় তাহলে **مبتدأ** এর **خبر**

টি এবং **موصوف** এর **صفة** টি **واحد مؤنث** হবে।[২৪] যেমন :

مبتدأ + خبر	
هذه أَقْلَامُ مُفِيْدَةٌ	الْكُتُبُ مُفِيْدَةٌ

এসো আরবি শিখি, খ. ২, পৃ. ৮৭,৮৮

مُعْرَب ও مَبْنِيْ এর আলোচনা :

[২৪]. **جمع غير عاقل** এর জন্য **هؤلاء أولئك** এর পরিবর্তে **هذه تلك** ব্যবহৃত হবে। যেমন:

موصوف + صفة	
هذِهِ أَقْلَامٌ جَيِّدَةٌ	تِلْكَ كُتُبٌ جَدِيْدَةٌ

مُعْرَب এর পরিচয় :

বাক্যে যে اسم অন্য كلمة এর সাথে মিলে ব্যবহৃত হয় এবং مبني أصل এর সাথে

সাদৃশ্য রাখে না তাকে معرب বলা হয়।

معرب এর হুকুম:

আমেলের[২৫] বিভিন্নতার কারণে اسم এর শেষাক্ষরে পরিবর্তন হওয়া।

مَبْنِيْ এর পরিচয় :

যে اسم বাক্যে অন্য كلمة এর সাথে মিলে ব্যবহৃত হয় না অথবা مبني أصل এর সাথে সাদৃশ্য রাখে তাকে مبني বলা হয়।

مَبْنِيْ এর হুকুম:

আমেলের বিভিন্নতার কারণে اسم এর শেষাক্ষরে পরিবর্তন না হওয়া।

مبني এর প্রকারভেদ :

مبني তিন প্রকার : ১. مبني أَصْلِي[২৬] ২. مبني شِبْهِي[২৭] ৩. مبني عَارِضِيْ[২৮]

مبني أصلي তিন প্রকার: ১. مَاضٍ ২. أَمْرُ حَاضِر ৩. حَرْف

www.muslimdm.com

[২৫]. যে কালিমা অন্য কালিমাকে إعراب দেয় তাকে عامل বলা হয়। সামনের অধ্যায়গুলো পড়লে বুঝা সহজ হবে। ইনশাআল্লাহ।

[২৬]. যে শব্দগুলো গঠনগতভাবে مبني

[২৭]. مبني أصلى এর সাথে সাদৃশ্য রাখার কারণে যে শব্দগুলো مبني হয়। এ সাদৃশ্য শাব্দিক এবং অর্থগত উভয়ভাবে হতে পারে। যেমন, فعل ماضي এর যেমন একটি নির্দিষ্ট অর্থ আছে এবং নূন্যতম তিন অক্ষর হয় তেমনি এ প্রকারের শব্দগুলোরও নির্দিষ্ট অর্থ আছে এবং নূন্যতম অক্ষর তিনটি।

[২৮]. যে শব্দগুলো এ দুপ্রকারের মধ্যে পাওয়া যায় না কিন্তু এগুলোকে আরবগণ مبني হিসেবে ব্যবহার করে থাকেন।

সবক নং ৩১

مبني شِبْهِيْ : ১. ضمير ২. اسم الْإِشَارَة ৩. الاسْمُ الْمَوْصُوْل ৪. أَحَدَ عَشَرَ থেকে تِسْعَةَ عَشَرَ পর্যন্ত (اِثْنَا عَشَرَ) ব্যতীত) আরবী সংখ্যাগুলো।

৫. أَسْمَاء الظُّرُوْف এর কিছু শব্দ।[২৯] ৬. أَسْمَاءُ الاِسْتِفْهَام

৭. أَسْمَاءُ الشُّرُوْط ৮. أَسْمَاءُ الْكِنَايَات [৩০] ৯. أَسْمَاءُ الْأَفْعَال [৩১]

১০. فعل مضارع এর جمع مؤنث غائب، جمع مؤنث حاضر এর ছীগাহ্ দু'টি এবং فعل مضارع এর সাথে نُوْنُ التَّأْكِيْد যুক্ত হলে। যেমন: يَفْعَلْنَ. تَفْعَلْنَ. لَتَدْعُوَنَّ.لَيَصْدُقَنْ.

সবক নং ৩২

مَبْنِي عَارِضِيْ :

مُفْرَد. مُنَادى مُفْرَد. اسم لاَ الَّتِيْ لِنَفْيِ الْجِنْسِ. (কোনো শব্দ যখন একা একা থাকে) এবং কালেমা যখন নিজের অর্থে ব্যবহৃত না হয়ে শুধু একটি নাম হিসেবে ব্যবহৃত হয় ইত্যাদি শব্দ। যেমন: إنَّ نَصَرَ فِعْلٌ. فِيْ حَرْفٌ.

⇨ এ ছাড়া বাক্যে ব্যবহৃত বাকি কালিমাগুলো معرب হয়।

www.muslimdm.com

---

২৯. مَفْعُوْل فِيْه এর আলোচনায় আসবে।

৩০. অস্পষ্ট ভাব প্রকাশ করে এমন শব্দ। যেমন: ذَيْتَ ذَيْتَ, كَيْتَ كَيْتَ অর্থাৎ এমন এমন, এত এত।

৩১. যে সকল اسم - فعل এর অর্থ দেয়। যেমন: هَيْهَاتَ দূর হয়েছে। سَرْعَانَ দ্রুত করেছে شَتَّانَ পৃথক হয়েছে

সবক নং ৩৩

واحِد ، تَثْنِيَة ও جَمع (Singular & Plural) এর আলোচনা

■ সাধারণত اسم গুলো مُفْرَد হয়। যেমন : مُسْلِمٌ. طَالِبٌ.

■ مُفْرَد এর শেষে অতিরিক্ত ان যুক্ত করলে مُثَنَّى হয়। যেমন: مسلمان. طالبان.

■ مُفْرَد এর শেষে অতিরিক্ত ون যুক্ত করলে جَمْعُ الْمُذَكَّرِ السَّالِمُ হয়।

যেমন: مُسْلِمُوْنَ.طَالِبُوْنَ.

■ مُفْرَد এর শেষে অতিরিক্ত ات যুক্ত করলে جَمْعُ الْمُؤَنَّثِ السَالِمُ হয়।

যেমন : مُسْلِمَةٌ- مُسْلِمَاتٌ

(ة) যুক্ত শব্দের গোল ة কে ফেলে দিয়ে শেষে ات যোগ করলে جمع المؤنث السالم গঠিত হবে। যেমন : مُسْلِمَة থেকে = مُسْلِم + ات = مسلمات

■ جَمْعٌ مُكَسَّر : যে جمع গঠনের সময় واحد এর মূল রূপ ঠিক থাকে না। এগুলো সাধারণত মুখস্থ করে জেনে নিতে হয়। যেমন : – رِجَال – رَجُل. تَلامِيْذ – تِلْمِيْذ

وَمَنْ بَطَّأَ بِهِ عَمَلُهُ لَمْ يُسْرِعْ بِهِ نَسَبُهُ

যার কর্ম (গুনাহ বা অদক্ষতা) তাকে পিছিয়ে দেয় তার বংশ মর্যাদা তাকে এগিয়ে নিতে পারে না। (শুআবুল ঈমান, হাদিস নং-৬৭১)

www.muslimdm.com

সবক নং ৩৪

مُتَعَلِّقٌ/مُتَعَلِّقَانِ (Preposition) এর আলোচনা

حَرْفُ الْجَار ১৭ টি। যথা:

بِ = দ্বারা, কারণে　　تَ = শপথ[৩২]　　كَ = মতো, যেমন[৩৩]

لِ = জন্য,কারণে[৩৪]　　وَ = শপথ (শুরুতে আসবে)[৩৫]　إِلى = দিকে/ পর্যন্ত

مِنْ.عَنْ. مُذْ. مُنْذُ = থেকে　خَلَا.حَاشَا.عَدَا = ব্যতীত　رُبَّ = কত / অনেক

فِيْ = মধ্যে　　عَلى = ওপরে[৩৬]　　حَتّى = পর্যন্ত/এমনকি

★حرف الجار এর পরের শব্দকে مَجْرُوْر বলা হয়। جار ও مَجْرُوْر মিলে متعلقان হয়।[৩৭] [৩৮] متعلقان সর্বদা فعل অথবা شِبْهُ الْفِعْل এর সাথে হয়। যেমন: أُخْرِجْتُمْ لِلنَّاسِ.

www.muslimdm.com

---

৩২. ت শব্দটি শুধু الله, رب, الرحمن এ তিনটি শব্দের পূর্বে ব্যবহৃত হয়।

৩৩. যমীরের ك শব্দের শেষে হয়।حرف الجار এর ك শব্দের শুরুতে হয়।

৩৪. ضمير এবং হরফের পূর্বে حرف الجار এর ل যবরবিশিষ্ট হয়। অন্য শব্দের পূর্বে যেরবিশিষ্ট হয়।

৩৫. حرف الجار এর و সাধারণত বাক্যের প্রথমে আসে।

৩৬. على ও إلى এর পরে ضمير আসলেعلى ও إلى এর ي বর্ণে سكون হয়। যেমন: إِلَيْكُمْ . عَلَيْهِمْ

৩৭. আরবগণ সাধারণত একে متعلقان বলে থাকেন। আবার متعلق ও বলা হয়। হিন্দুস্থানের ওলামায়ে কেরাম متعلق বলে।

৩৮. مُتَعَلِّقَانِ দু'ভাবে হয় : جار مجرور এর মাধ্যমে এবং ظرف এর মাধ্যমে। (যে مفعول দ্বারা স্থান বা সময় বোঝায়)

সবক নং ৩৫

شِبْهُ الْفِعْل এর বর্ণনা[৩৯]

★ شِبْهُ الْفِعْل ছয় প্রকার : صفة এর ছীগাহ্ পাঁচটি[৪০] এবং مصدر[৪১] যেমন: الْأُسْتاذُ نَاصِحٌ للطُّلَّابِ।

কোনো বাক্যে فعل বা شبه الفعل না থাকলে, একটি উহ্য فعل অথবা شبه الفعل ধরে নিতে হয়। যে কোনো স্থানে ثَابِتٌ/مَوْجُوْدٌ এ দুটির কোনো একটি شبه الفعل কে উহ্য ধরা যায়। যেমন: الكتاب فى الْحَقِيْبَةِ এখানে متعلقان আছে কিন্তু কোনো فعل/ شبه الفعل নেই। তাই এখানে একটি উহ্য شبه الفعل ধরে নিতে হবে। অতএব এখানে عِبَارَة হবে اَلْكِتَابُ ثَابِتٌ فِيْ الْحَقِيْبَةِ. اَلتِّلْمِيْذَةُ ثَابِتَةٌ فِيْ الْمَدْرَسَةِ.

▣ شبه الفعل এর فاعل সাধারণত ঐ شبه الفعل এর ভেতরে থাকে।

এসো আরবি শিখি, খ. ১ পৃ. ৪১, ৪৫-৪৬

সবক নং ৩৬

▣ প্রথমে متعلقان থাকলে, পরের اسم টি نكرة হলেও আর متعلقان টি مُبْتَدَأ مُؤَخَّر হবে خَبَر مُقَدَّم। যেমন : فِيْ المدرسةِ مسجدٌ. فِيْهَا كُتُبٌ قَيِّمَةٌ.

مَانِعُ التَّنْوِيْن এর আলোচনা

مانع التنوين এর অর্থ হলো اسم এর শেষে تنوين আসতে বাধাদানকারী।

★ যদি কোনো শব্দ غَيْرُ مُنْصَرِفٍ - مضاف -مبنى ال ও বিশিষ্ট হয়, তাহলে ঐ শব্দে تنوين হবে না। এগুলোকে مانع التنوين বলা হয়।

যেমন : القلمُ. هذا. قلمُ الطلاب. عائشةُ

www.muslimdm.com

[৩৯]. যে اسم টি فعل এর মতো আমল করে তাকে شبه الفعل বলা হয়।

[৪০]. صفة এর ছীগাহ্ ৫টি : ১. اِسْمُ الْفَاعِل ২. اِسْمُ الْمَفْعُوْل ৩. اِسْمُ التَّفْضِيْل 8. اِسْمُ الْفَاعِلِ الْمُبَالَغَة ৫. صِفُة مُشَبَّهَة (اسم الفاعل الْمُبَالَغَة, صِفَة مُشَبَّهَة) চেনার প্রাথমিক সহজ উপায় হলো, কোনো শব্দ فَعِيْل، فَعُوْل فَعَّال ওযনে আসা। যেমন: (رَحِيْمٌ، عَلاَّمٌ، رَؤُوْفٌ)

[৪১]. অনেকে اسم ظرف, اسم آلة কেও شبه الفعل এর অন্তর্ভূক্ত করে থাকেন।

সবক নং ৩৭+৩৮

আরবী ভাষায় إعراب গ্রহণের দিক থেকে اسم মোট ষোল প্রকার :

المثال	التعريف	الأسماء	رقم
أُسْتاذٌ كِتَابٌ رَمْيٌ دَلْوٌ ظَبْيٌ	এমন একবচন শব্দ যার শেষাক্ষরে حرف علة নেই এবং শব্দটি غير منصرف নয়।	مُفْرَدٌ مُنْصَرِفٌ صَحِيْحٌ	১
	এমন একবচন শব্দ যার শেষাক্ষরে ياء / واو হয়ে পূর্বে ساكن থাকে। আরবগণ এ দুটিকে مفرد নামে ব্যবহার করেন। তাই আমরা مفرد বলব।	جَارِيْ مَجْرَي الصَّحِيْحِ = مُفْرَدٌ	২
طُلَّابٌ، كُتُبٌ، فُصُوْلٌ	যে جمع চেনা যায় না বরং মুখস্থ করে নিতে হয়।	جَمْعٌ مُكَسَّر	৩
أَحْمَدُ، مارية، عُمَرُ	যে শব্দে নয়টি বিষয় থেকে দুটি বিষয় পাওয়া যায়।	غَيْرُ الْمُنْصَرِف	৪
دارِسُوْنَ، مُفْلِحُون	যে শব্দের শেষে অতিরিক্ত ون যুক্ত থাকে	جَمْعُ الْمُذَكَّرِ السَّالِمُ	৫
ثَلَاثُوْنَ، أَرْبَعُوْنَ خَمْسُوْنَ، سِتُّوْنَ	আরবী দশকের সংখ্যাগুলো তথা বিশ,ত্রিশ এভাবে নব্বই পর্যন্ত।	عِشْرُوْنَ – تِسْعُوْنَ	৬
أُوْلُوْ الْعَظْمِ ذَوُوْالْعَقْلِ	অধিকারীগণ, ওয়ালাগণ ইত্যাদি অর্থে এ শব্দ দুটি ব্যবহৃত হয়।	أُولُوْا، ذَوُوْا	৭
جَنَّاتٌ، صَالِحَاتٌ	যে শব্দের শেষে ات যুক্ত থাকে।	جَمْعُ الْمُؤَنَّثِ السَّالِمُ	৮
شَيْخَانِ، جَنَّتَانِ	যে কোনো দ্বিবচনের শব্দ।	مُثَنًّى	৯
كِلَاهُمَا، كِلْتَاهُمَا	উভয়টি, দোনোটি ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়	كِلاَ، كِلْتَا	১০
اِثْنَانِ مَنَ الْكِتَابِ	দুই, দুজন ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়।	اِثْنانِ، اثْنَتانِ	১১
هُدًى، رُمًى، حُبْلى	যে اسم এর শেষে ألف مقصورة থাকে। [৪২]	اِسْمٌ مَقْصُوْر	১২
أَبُو هُرَيْرَةَ، أَخُوْكَ حَمُوْهُمْ، فُوْالْوَلَدِ ذُوْالْعِلْمِ	যে ছয়টি اسم - فُعَيْلٌ ওযনে না এসে একবচন হয়ে ضمير এর ي ব্যতীত অন্য যে কোনো اسم এর সাথে مضاف হয়ে ব্যবহৃত হয়।	اَلْأَسْمَاءُ السِتَّةُ الْمُكَبَّرَةُ الْمُوَحَّدَةُ الْمُضَافَةُ إِلى غَيْرِ يَاءِ الْمُتَكَلِّمِ = أَبُوْ، أَخُوْ، فُوْ، حَمُوْ، هَنُوْ، ذُوْ.	১৩
أُسْتَاذِيْ، كِتَابِيْ	جمع المذكر السالم নয় এমন শব্দ যদি ضمير এর ي এর পূর্বে আসে।	غَيْرُ جَمْعِ المذكر السالم مُضَافٌ إِلى يَاءِ الْمُتَكَلِّمِ	১৪
الْقَاضِيْ، الْمَرَامِيْ	যে اسم এর শেষে ي এবং পূর্বে যের থাকে[৪৩]	اِسْمٌ مَنْقُوْصٌ	১৫
طَالِبِيَّ، نَاصِرِيَّ	جمع المذكر السالم এর পূর্বে ضمير এর ي ব্যবহৃত হওয়া।	جَمْعُ المذكر السالم مُضَافٌ إِلى يَاءِ الْمُتَكَلِّمِ	১৬

www.muslimdm.com

---

৪২. এ ألف টি সাধারণত ي এর আকৃতিতে থাকে।

৪৩. اسم منقوص এর শুরুতে ال না থাকলে, সাধারণত শেষে দুযের হয়। যেমন: هَادٍ، رَامٍ، عَالٍ، رَاضٍ

সবক নং ৩৯

إِعْرَابُ الْأَسْمَاءِ এর আলোচনা

إعراب এর পরিচয় :

عَامِل[৪৪]এর কারণে শব্দের শেষাক্ষরের পরিবর্তিত অবস্থাকে إعراب বলা হয়।

⇨ اسم এর হালত বা إعراب তিন প্রকার : رَفع، نَصب، جَر

রফع এর আলামত তিনটি : واو، الف، ضَمَّة

نصب এর আলামত চারটি : كَسْرَة، فَتْحَة، ,أَلِف، يَاء

جر এর আলামত তিনটি : فَتْحَة، كَسْرة، ياء

إعراب দু'ভাবে হয় :

১. ظَاهِرَة বা প্রকাশ্যে (যে إعراب উচ্চারিত হয়)

২. مُقَدَّرَة বা অপ্রকাশ্যে (যে إعراب উচ্চারিত হয় না)

সবক নং ৪০

الْأَسْمَاءُ الْمَرْفُوْعَات[৪৫]এর আলোচনা

<u>নিম্নবর্ণিত ৮ প্রকারের اسم সর্বদা رفع এর হালতে থাকে :</u>

১) فَاعِل ২) نَائِبُ الْفَاعِل ৩) مُبْتَدَأ

---

৪৪. যে كلمة অন্য শব্দের শেষে যের, যবর, পেশ, ياء, ألف, واو এর অবস্থান তৈরি করে তাকে عامل বলা হয়। إعراب ، تَخْفِيْف এবং مَبْنِي এর কারণে শব্দের শেষে হরকত হয়। যেমন: هُمُ الْمُفْلِحُوْنَ، فَعَلَ.

৪৫. যে اسم গুলো رفع এর হালতে থাকে সেগুলোকে أسماء مرفوعات বলা হয়। مرفوعات শব্দটি جمع غير عاقل হওয়ার কারণে مرفوعة থেকে না হয়ে مرفوع থেকে جمع নেয়া হয়েছে। একইভাবে منصوبات ও مجرورات শব্দদ্বয়।

www.muslimdm.com

১৬ প্রকার اسم ও إعراب

৪) خَبَر   ৫) خَبَرُ إِنَّ وَأَخَوَاتِهَا   ৬) اِسْمُ كَانَ وَأَخَوَاتِهَا

৭) اِسْمُ مَا وَ لَا الْمُشَبَّهَتَيْنِ بِلَيْسَ   ৮) خَبَرُ لَا التِي لِنَفْيِ الْجِنْسِ

সবক নং ৪১

الأَسْمَاءُ الْمَنْصُوْبَات[৪৬] এর আলোচনা

নিম্নবর্ণিত ১২ প্রকারের اِسْم সর্বদা نَصب এর হালতে থাকে :

১) مَفْعُوْلٌ بِه   ২) مَفْعُوْلٌ مُطْلَق   ৩) مفعول فِيْه   ৪) مفعول لَه

৫) مفعول مَعَه   ৬) حَال   ৭) تَمْيِيْز   ৮) مُسْتَثْنى

৯) اسمُ إنَّ وأَخَوَاتِهَا   ১০) خَبَرُ كَانَ وَأَخَوَاتِهَا

১১) خَبَرُ مَا وَ لَا الْمُشَبَّهَتَيْنِ بِلَيْسَ   ১২) اِسْمُ لَا التِي لِنَفْيِ الْجِنْسِ

الأَسْمَاءُ الْمَجْرُوْرَات[৪৭] এর আলোচনা

দু'ধরনের اسم- جر এর স্থানে থাকে:

১) حرف الجار এর পরের اسم, যাকে مَجْرُوْر বলা হয়।   ২) مضاف إليه

সবক নং ৪২+৪৩

এক নজরে ১৬ প্রকার اسم এর বাইশ প্রকার অবস্থান[৪৮]

[৪৬]. যে اسم গুলো نصب এর হালতে থাকে সেগুলোকে أسماء منصوبات বলা হয়।

[৪৭]. যে اسم গুলো جر এর হালতে থাকে সেগুলোকে أسماء مجرورات বলা হয়।

[৪৮]. একটি اسم বাক্যে অবস্থানের দিক থেকে আরবী ভাষায় সর্বোচ্চ বাইশটি পরিচয় ধারন করতে পারে। اسم মূলত ষোল প্রকার। প্রত্যেকটিই বিভিন্ন নামে বাক্যে অবস্থান করতে পারে। যেমন: একজনের নাম হলো আছেম। সে যখন তার মা-বাবার সামনে থাকে তখন তার পরিচয়গত নাম হলো ছেলে। দাদার সামনে থাকলে নাতি। মামার সামনে থাকলে ভাগিনা। এভাবে তার অনেক অবস্থানগত নাম হতে পারে। এ বাইশ প্রকারও, اسم এর অবস্থানগত নাম।

www.muslimdm.com

إعراب ও اسم ১৬ প্রকার

مثال	التعريف	إسم	رقم
	মرفوعات = যে **اسم** গুলো رفع এর إعراب পায়		
التِّلْمِيْذُ مُؤَدَّبٌ	বাক্যের শুরুতে থাকা মূল আলোচ্য শব্দ।	مبتدأ	১
الأُسْتَاذُ مُخْلِصٌ	مبتدأ এর পরবর্তি অংশ	خبر	২
كَرُمَ الصَّامِتُ	যে কাজ করে।	فاعل	৩
فُهِمَ الدَّرْسُ	যে مفعول টি فاعل এর স্থলাভিষিক্ত	نائب الفاعل	৪
إِنَّ التِّلْمِيْذَ جَادٌّ.	إِنَّ ও তার সমজাতীয়দের خبر	خَبَرُإِنَّ وَأَخَوَاتِهَا[৪৯]	৫
كَانَ الأُسْتَاذُ مُخْلِصًا	كان ও তার সমজাতীয়দের مبتدأ	اِسْمُ كَانَ وَأَخَوَاتِهَا	৬
مَا الْمُتَعَلِّمُ كَاسِلاً مُجْتَهِدٌ رَاسِبًا لاَ	لَيْسَ এর অর্থের সাথে সাদৃশ্যপূর্ণ অর্থাৎ সাধারণ না বোধকের অর্থ দেয় এমন ما এবং لا এরمبتدأ	اِسْمُ مَا وَ لاَ الْمُشَبَّهَتَيْنِ بِلَيْسَ[৫০]	৭
لا عَاصِيَ ثَابِتٌ مِنَ الطُّلاَّبِ	জাতীবাচক নাবোধক لا এর خبر	خَبَرُ لاَ التي لِنَفْيِ الْجِنْسِ	৮
	منصوبات = যে **اسم** গুলো نصب এর إعراب পায়		
حَفِظْتُ الْحَدِيْثَ	যার ওপর কোনো কাজ পতিত হওয়া বোঝায়।	مَفْعُوْلٌ بِه	৯
أُكْرِمُ النَّاسَ إِكْرَامًا.	উল্লিখিত فعل এর مصدر	مَفْعُوْلٌ مُطْلَق	১০
أَتَهَجَّدُ لَيْلاً.	যে مفعول দ্বারা স্থান বা সময় বোঝায়।	مفعول فِيْه	১১
أَدْرُسُ الْفِقْهَ رِضَاءً لِلّٰهِ.	যে مفعول দ্বারা কারণ বোঝায়।	مفعول لَه	১২
أَقْرَأُ الْقُرْآنَ وَ الْقَارِئَ	"সাথে" অর্থ দেয় এমন واو এর পরবর্তি শব্দ।	مفعول مَعَه	১৩
أَخْدُمُ الْأُسْتَاذَ مُخْلِصًا.	যে শব্দ দ্বারা অবস্থা বোঝায়।	حَال	১৪
لِيْ أَرْبَعُوْنَ طَالِبًا.	যে শব্দ সন্দেহ দূর করে।	تَمْيِيْز	১৫
قَرَأْتُ الصَّفْحَةَ إِلاَّ سَطْرًا	إِلَّا এর পরের শব্দ।	مُسْتَثْنى	১৬
التَّقْلِيْدَ وَاجِبٌ إِنَّ	إِنَّ ও তার সমজাতীয়দের مبتدأ	اسمُ إِنَّ وأَخَوَاتِهَا	১৭
الأُسْتَاذُ مُخْلِصًا كَانَ	كان ও তার সমজাতীয়দের خبر	خَبَرُ كَانَ وَأَخَوَاتِهَا	১৮
مَا الْمُتَعَلِّمُ كَاسِلاً لاَ مُجْتَهِدٌ رَاسِبًا	لَيْسَ এর অর্থের সাথে সাদৃশ্যপূর্ণ ما এবং لا এর خبر	خَبَرُ مَا وَ لاَ الْمُشَبَّهَتَيْنِ بِلَيْسَ	১৯
لا عَاصِيَ ثَابِتٌ مِنَ الطُّلاَّبِ	জাতীবাচক নাবোধক لا এর مبتدأ	**اسم** لَا اَلَّتِيْ لِنَفْيِ الْجِنْسِ	২০
	مجرورات = যে **اسم** গুলো جر এর إعراب পায়		
فِيْ قَلْبِ الطَّالِبِ تَوَاضُعٌ.	**اسم** এর পরের حرف الجار	مَجْرُوْر	২১
غُرْفَةُ الطُّلاَّبِ نَظِيْفَةٌ	مضاف এর পরবর্তি শব্দ।	مُضَافٌ إِلَيْهِ	২২

৪৯. إخوانه না বলে أخواتها বলার কারণ হলো, এখানে إِنَّ শব্দটি নিজস্ব অর্থে ব্যবহৃত না হয়ে একটি শব্দ তথা **اسم** হিসেবে ব্যবহৃত হয়েছে, তাই এর সাথে **مؤنث** নেয়া হয়েছে।

৫০. المشبهتين শব্দটি ما এবং **لا** এর **صفة** হওয়ার কারণে **مجرور** হয়েছে।

সবক নং ৪৪

১৬ প্রকার اسم এর ৯ প্রকার إعراب এর নমুনা

جر হবে	نصب হবে	رفع হবে	نوع الاسم
الكَسْرَة ـــِ দ্বারা	اَلْفَتْحَة ـَ দ্বারা	اَلضَّمَّةُ ـُ দ্বারা	مفرد،جمع مكسر
اَلْيَاءُ قَبْلَهَا فَتْحَة يْ এর পূর্বে যবর দ্বারা		الألف(ا) দ্বারা	اَلْمُثَنَّى –اِثْنَانَ– اِثْنَتَانِ –كِلاَ– كِلْتَا
اَلْيَاءُقَبْلَهَاكَسْرَةٌ يْ এর পূর্বে যের দ্বারা		الواو (و) দ্বারা	جمع المذكر السالم أولو، ذَوُوا، عشرون – تسعون
الكَسْرَة ـِ দ্বারা		اَلضَّمَّةُ ـُ দ্বারা	جمع المؤنث السالم
اَلْفَتْحَة দ্বারা		اَلضَّمَّةُ দ্বারা	غير المنصرف
ي দ্বারা	الألف দ্বারা	و দ্বারা	الأَسْمَاءُ السِّتَّةُ الْمُكَبَّرَةُ
كسرة مُقَدَّرَة উহ্য যের দ্বারা	فتحة مُقَدَّرَة উহ্য যবর দ্বারা	ضمة مُقَدَّرَة উহ্য পেশ দ্বারা	اِسْمُ مَقْصُوْر– غَيْرُ جَمْعِ الْمُذَكَّرِ السَالِمُ مُضَافٌ إلى يَاءِ الْمُتَكَلِّمِ
كسرة مُقَدَّرَة উহ্য যের দ্বারা	فَتْحَة ظَاهِرَة প্রকাশ্য যবর দ্বারা	ضمة مُقَدَّرَة উহ্য পেশ দ্বারা	اِسْمُ مَنْقُوْص
اَلْيَاءُ قَبْلَهَا كَسْرَة يْ এর পূর্বে যের দ্বারা		وَاو مُقَدَّرَة উহ্য واو দ্বারা	جمع المذكر السالم المضاف إلى ياء المتكلم

www.muslimdm.com

সবক নং ৪৫

১৬ প্রকার اسم এর ৯ প্রকার إعراب এর নমুনা

جر হবে	نصب হবে	رفع হবে	نوع الاسم
الكَسْرَة ـِ দ্বারা	اَلْفَتْحَة ـَ দ্বারা	اَلضَّمَّةُ ـُ দ্বারা	(مفرد منصرف صحيح , جاري مجري الصحيح)= مفرد،جمع مكسر
هذَا دُكَّانُ الْقَلَمِ دُعَاءُ الأَنْبِيَاءِ مُسْتَجَابٌ.	أَخَذْتُ الْقَلَمَ اللّٰهُ يَعْصِمُ الأنبياءَ	القلمُ جديدٌ. الأَنْبِيَاءُ مُعْصُوْمُوْنَ.	
اَلْيَاءُ قَبْلَهَا فَتْحَة يْ এর পূর্বে যবর দ্বারা		الألف(ا) দ্বারা	اَلْمُثَنَّى – اِثْنَانَ– اِثْنَتَانِ – كِلاَ– كِلْتَا
غُرْفَةُ التِّلْمِيْذَيْنِ كِلَيْهِمَا جَمِيْلَةٌ.	نَصَرْتُ التِلْمِيْذَيْنِ كِلَيْهِمَا.	اَلتِّلْمِيْذَانِ مُجِدَّانِ كِلاَهُمَا.	
اَلْيَاءُقَبْلَهَاكَسْرَةٌ يْ এর পূর্বে যের দ্বারা		الواو (و) দ্বারা	جمع المذكر السالم أولو عشرون – تسعون
رَحِمَ اللّٰهُ على الْمُعَلِّمِيْنَ أُوْلِيْ العَظْمِ سَبْعِيْنَ سَنَةً.	أُعَظِّمُ الْمُعَلِّمِيْنَ أُوْلِيْ العَظْمِ سَبْعِيْنَ سَنَةً.	اَلطَّالِبُوْنَ أُوْلُوْ الجِدِّ. هُمْ عِشْرُوْنَ طَالِبًا. اَلْمُعَلِّمُوْنَ مُحْتَرِمُوْنَ.	
الكَسْرَة দ্বারা		اَلضَّمَّةُ দ্বারা	جمع المؤنث السالم
حُجْرَةُ الْمُؤْمِنَاتِ جَمِيْلَةٌ.	وَجَدْتُ الْمُؤْمِنَاتِ .	اَلْمُؤْمِنَاتُ صَادِقَاتٌ.	
اَلْفَتْحَة দ্বারা		اَلضَّمَّةُ দ্বারা	غير المنصرف
السَّلاَمُ على أَحْمَدَ	دَعَوْتُ أَحْمَدَ	أَحمَدُ عَالِمٌ .	
ي দ্বারা	الألف দ্বারা	و দ্বারা	الأَسْمَاءُ السِّتَّةُ الْمُكَبَّرَةُ / الأَسْمَاءُ الْخَمْسَة
أَحْسِنْ بِأَبِيْكَ.	اِحْتَرِمْ أَبَاكَ.	أَبُوْكَ عَالِمٌ.	
كسرة مُقَدَّرَة উহ্য যের দ্বারা	فتحة مُقَدَّرَة উহ্য যবর দ্বারা	ضمة مُقَدَّرَة উহ্য পেশ দ্বারা	اِسْم مَقْصُوْر– غَيْرُ جَمْعِ الْمُذَكَّر السَالِمُ مُضَافٌ إلى يَاءِ الْمُتَكَلِّمِ
هذَا بَيْتُ الْهُدَى	وَجَدْتُ بُشْرى.	هذِه ذِكْرَى.	

www.muslimdua.com

منصوبات ও ضمير، غير منصرف، نواسخ

نوع الاسم	রفع হবে	نصب হবে	جر হবে
	مِرْوَحَتِيْ جَيِّدَةٌ.	حَفِظْتُ قَلَمِيْ.	لا أَتَّكِأُ على كِتَابِيْ.
اِسْمُ مَنْقُوْص	ضمة مُقَدَّرَة উহ্য পেশ দ্বারা	فَتْحَة ظَاهِرَة প্রকাশ্য যবর দ্বারা	كسرة مُقَدَّرَة উহ্য যের দ্বারা
	عَدَلَ الْقَاضِيْ.	رَأَيْتُ الْقَاضِيَ.	ذَهَبْتُ إِلى الْقَاضِيْ.
جمع المذكر السالم المضاف إلى ياء المتكلم	مُقَدَّرَة উহ্য واو দ্বারা	اَلْيَاءُ قَبْلَهَا كَسْرَة يْ এর পূর্বে যের দ্বারা	اَلْيَاءُ قَبْلَهَا كَسْرَة يْএর পূর্বে যের দ্বারা
	هؤُلَاءِ طَالِبِيَّ.	هَذَّبْتُ طَالِبِيَّ.	دَعَوْتُ لِطَالِبِيَّ.

www.muslimdm.com

এসো আরবি শিখি, খ.৩, পৃ. ১৪ - পুরো কিতাব

এসো আরবি শিখি, খ. ১, পৃ. ৩৫

مثنى - খ. ২, পৃ. ১৪৮

গাড়ির জন্য চালক যেমন,

জীবন গড়ায় মুরব্বী তেমন।

এক বান্দা

সবক নং ৪৬

ضمير (Pronoun) এর আলোচনা

ضمير এর পরিচয় :

যা নামের পরিবর্তে ব্যবহৃত হয় তাকে ضمير বলা হয়। যেমন:

هُوَ هُمَا هُمْ هِيَ هُمَا هُنَّ أَنْتَ أَنْتُمَا أَنْتُمْ أَنْتِ أَنْتُمَا اَنْتُنَّ اَنَا نَحْنُ كَ كُمَا كُمْ كِ كُمَا كُنَّ يَ نَا هِ هِ هَا

বাক্যে অবস্থানের দিক থেকে ضمير মোট পাঁচ প্রকার :

১. ضَمِيْرٌ مَرْفُوْعٌ مُتَّصِل

২. ضَمِيْرٌ مَرْفُوْعٌ مُنْفَصِل

৩. ضَمِيْرٌ مَنْصُوْبٌ مُتَّصِل

৪. ضَمِيْرٌ مَنْصُوْبٌ مُنْفَصِل

৫. ضَمِيْرٌ مَجْرُوْرٌ مُتَّصِل

⇨ فعل এর ضمير দু'প্রকার :

১. ضمير بارز (বার ছীগার আলমত)

২. ضمير مُسْتَتِر (দুছীগার পূর্বে اسم থাকলে ভেতরের هو/هي এবং তিন বহছের তিন ছীগাহ্ = تَفْعَلُ, أَفْعَلُ, نَفْعَلُ.)

সবক নং ৪৭

⇨ هُمْ هُمَا هُنَّ[৫১]এ যমীরগুলো কোনো শব্দের পূর্বে আসলে ضَمِيْر مُنْفَصِل আর পরে আসলে ضَمِيْر مُتَّصِل হবে। যেমন : هُمُ الْمُفْلِحُوْنَ. أولئك على هدًى مِنْ رَبِّهِمْ.

⇨ هو،هى،أنت،أنتما،أنتم،أنتِ،أنتنَّ،أنا،نحن এ ضمير গুলো শব্দের আগে পরে যেখানেই থাকবে, সর্বদা مُنْفَصِل হবে। কখনও مُتَّصِل হবে না।

যেমন : اِذْهَبْ أَنْتَ وَرَبُّكَ

[৫১]. এ তিনটি ضمير এর পূর্বে যের অথবা يْ (ইয়া সাকিন) হলে সাধারণত هـ বর্ণে যের হয়।

www.muslimdm.com

⇨ كَ،كُمَا،كُمْ، كِ، كُمَا،كُنَّ، يَ، نَا، ه، هَا. এগুলো সাধারণত منفصل হয় না। এগুলোকে مُنْفَصِل করতে হলে এগুলোর পূর্বে সর্বদা إِيَّا যোগ করতে হয়।

যেমন: إِيَّاكَ نَعْبُدُ. وَإِيَّايَ فَارْهَبُوْنَ. أَنْ لاَتَعْبُدُوْا إِلاَّ إِيَّاه.

সবক নং ৪৮

◘ اسم الإشارة এর পরের ضمير সর্বদা ضمير منفصل হবে।

যেমন: أُولَئِكَ هُمُ الْمُفْلِحُوْنَ.

◘ ضمير যদি رفع এর স্থানে আসে তাকে ضمير مرفوع বলা হয়।

যেমন: هو نصرني এখানে هو শব্দটি مبتدأ হয়ে رفع এর স্থানে আসার কারণে তা ضمير مرفوع হয়েছে।

◘ نصب এর স্থানে আসলে তাকে ضمير منصوب বলা হয়। যেমন : نصرته এখানে ه শব্দটি مفعول হয়ে نصب এর স্থানে আসার কারণে তা ضميرمنصوب হয়েছে।

◘ جر এর স্থানে আসলে তাকে ضمير مجرور বলা হয়। যেমন : كتابهم এখানে هم শব্দটি مضاف إليه হয়ে جر এর স্থানে আসার কারণে তা ضمير مجرور হয়েছে।

মনে রাখতে হবে:

فعل এর فاعل যেমন ضمير বা اسم ظاهر হয়, তেমনি شبه الفعل এর فاعل ও ضمير বা اسم ظَاهر হয়। যেমন: فَيْضُ الله دَارِسٌ كِتَبًا. (ফয়যুল্লাহ্ কিতাব পড়ছে।) এ বাক্যে دارس - شبه الفعل এর মধ্যে هو যমীর অবস্থিত। فَإِنَّهُ آثِمٌ قَلْبُهُ (তার অন্তর পাপী) ।

এসো আরবি শিখি, খ. ১, পৃ. ৩৪-৩৭. খ. ২, পৃ. ৩৫-৩৭।

www.muslimdm.com

সবক নং ৪৯

الْحُرُوْفُ الْمُشَبَّهَةُ بِالْفِعْلِ এর আলোচনা

مَعَانِيْ الْحُرُوْفِ الْمُشَبَّهَةِ بِالْفِعْلِ:

যে / নিশ্চয় (মাঝে)	أَنَّ	নিশ্চয় (প্রথমে)	إِنَّ
যদি (সম্ভব, অসম্ভব)	لَيْتَ	যেন, মতো	كَأَنَّ
সম্ভবত (সম্ভব)	لَعَلَّ	কিন্তু (দু'বাক্যের মাঝে)	لٰكِنَّ

مبتدأ এবং خبر এর পূর্বে إِنَّ আসলে مبتدأ কে اسم إن এবং خبر কে خبر إنّ বলা হয়। এগুলো সর্বদা مبتدأ ও خبر এর পূর্বে ব্যবহৃত হয়। এভাবে اِسْمُ لَيْتَ

خَبَرُ لَيْتَ এবং اِسْمُ لَعَلَّ خَبَرُ لَعَلَّ হয়।

◘ এগুলো مبتدأ কে نصب দেয় এবং خبر কে رفع দেয়।

www.muslimdm.com

সবক নং ৫০

নিম্নের উদাহরণ থেকে الْحُرُوْفُ الْمُشَبَّهَةُ بِالْفِعْلِ এর আমল বোঝার চেষ্টা করো:

إِنَّ التِّلْمِيْذَ مُجْتَهِدٌ.	اَلتِّلْمِيْذُ مُجْتَهِدٌ
নিশ্চয় ছাত্রটি পরিশ্রমী	**ছাত্রটি পরিশ্রমী**
كَأَنَّ الْمُعَلِّمِينَ مُرَبُّوْنَ	اَلْمُعَلِّمُوْنَ مُرَبُّوْنَ
শিক্ষকগণ যেন অভিভাবক	**শিক্ষকগণ অভিভাবক**

لَعَلَّ الرَّجُلَيْنِ مُخْلِصَانِ	اَلرَّجُلَانِ مُخْلِصَانِ
সম্ভবত লোক দু'জন একনিষ্ঠ	**লোক দু'জন একনিষ্ঠ**
ليتَ الطَّالِبِيْنَ مُؤَدَّبُوْنَ	الطَّالِبُوْنَ مُؤَدَّبُوْنَ
ছাত্ররা যদি ভদ্র হতো	**ছাত্ররা ভদ্র**

⇨ এ হরফগুলোর পর اَلْكَافَّة ما আসলে এগুলোর عمل বাতিল হয়ে যায়।   যেমন : إِنَّمَا الأَعْمَالُ بِالنِّيَّاتِ. إِنَّمَا إِلٰهُكُمْ إِلٰهٌ وَاحِدٌ.

এসো আরবি শিখি, খ. ২, পৃ. ৫৯-৬০

لا النافية للجنس হরফ টি حروف مشبهة بالفعل এর মতো مبتدأ কে نصب এবং خبر কে رفع দেয়। لا এর اسم সর্বদা نكرة হবে । উদাহরণ: لا إكراهَ (ثابتٌ) في الدين

www.muslimatm.com

সবক নং ৫১

الْأَفْعَال النَّاقِصَة এর আলোচনা

مَعَانِي الْأَفْعَالِ النَّاقِصَة :

যতক্ষন	مَادَامَ	হল (দ্বি-প্রহরে)	أَضْحَى	ছিল, থাকে, হয়েছে	كَانَ
সর্বদা	مَا بَرِحَ	হল (দিনে)	ظَلَّ	হল (রূপের পরিবর্তন)	صَارَ
সর্বদা	مَا انْفَكَّ	হল (রাতে)	بَاتَ	হল (সকালে)	أَصْبَحَ
সর্বদা	مَازَالَ	সর্বদা	مَا فَتِئَ	হল (বিকালে)	أَمْسَى
নয়/নেই	لَيْسَ				

مبتدأ এবং خبر এর পূর্বে كان আসলে مبتدأ কে اسم كَانَ এবং خبر কে خَبَرُ كَانَ বলা হয়। এগুলো সর্বদা مبتدأ ও خبر এর পূর্বে ব্যবহৃত হবে। এভাবে

اسم صَارَ خَبَرُ صَارَ. اسم أَصْبَحَ خَبَرُ أَصْبَحَ. اسم مافتي خبر مافتي. اسم مابرح خبر مابرح

সবক নং ৫২

⊡ এগুলো مبتدأ কে رفع দেয় এবং خبر কে **نصب** দেয়।

নিম্নের উদাহরণ থেকে **أَلْأَفْعَال النَّاقِصَة** এর আমল বোঝার চেষ্টা করো।

كَانَ التِّلْمِيْذُ ذَكِيًّا	اَلتِّلْمِيْذُ ذَكِيٌّ
ছাত্রটি মেধাবী ছিলো	ছাত্রটি মেধাবী
صَارَ الْمُعَلِّمُوْنَ مُرَبِّيْنَ	اَلْمُعَلِّمُوْنَ مُرَبُّوْنَ
শিক্ষকগণ অভিভাবক হয়ে গেলেন	শিক্ষকগণ অভিভাবক
أَصْبَحَ الرَّجُلَانِ مُخْلِصَيْنِ	اَلرَّجُلَانِ مُخْلِصَانِ
লোক দু'জন একনিষ্ঠ হয়ে গেলো	লোক দু'জন একনিষ্ঠ
ظَلَّتِ الْقُمُوْصُ لِبَاسَ الْمُتَّقِيْنَ	الْقُمُوْصُ لِبَاسُ الْأَنْبِيَاء
গোল জামা অল্লাহ্‌ভীরুদের পোষাক হয়ে গেলো	গোল জামা নবীদের পোষাক

www.muslimdm.com

সবক নং ৫৩

➪ **كان শব্দটি যখন 'অস্তিত্বহীনতা থেকে অস্তিত্ব লাভ করা' অর্থ বোঝাবে, তখন كان শব্দটি فعل ناقص না হয়ে فعل تام হবে।** যেমন: কেউ বললো -একটি রাস্তা হলো। এর অর্থ হলো; ইতিপূর্বে কোনো রাস্তা ছিল না, এখন হয়েছে। তাই এর আরবী হবে **كان الطريقُ** - তখন **كان** এর কোনো **خبر** হবে না। এখানে **كان** শব্দটি[৫২] **فعل تام** এবং **الطريق** শব্দটি **فاعل** হয়েছে।

যেমন: كَانَ الْوَلَدُ. كَانَ الْمَطَرُ كَانَتِ الْبِنْتُ. كَانَتِ المدْرَسَةُ.

[৫২]. যে সকল **فعل** বাক্যে ব্যবহৃত হতে **خبر مبتدأ** এর কোনো প্রয়োজন হয় না, সেগুলোকে **فعل تام** বলা হয়। আর যে সকল **فعل** বাক্যে ব্যবহৃত হতে **مبتدأ خبر** এর প্রয়োজন হয়, সেগুলোকে **فعل ناقص** বলা হয়।

সবক নং ৫৪

✻ بَاتَ, ظَلَّ, أَضْحى, أَمْسى, أَصْبَحَ সহ যে কোনো فعل ناقص এর পর مبتدأ خبر পাওয়া গেলে তাকে فعل ناقص বলা হবে। যেমন: اَلْعُلَمَاءُ الرَّبَّانِيُّوْنَ لاَيَزَالُوْنَ قَائِمِيْنَ على الْحَقِّ.

অন্যথায় فعل تام বলা হবে। যেমন: فَسُبْحَانَ اللهِ حِيْنَ تُمْسُوْنَ و حِيْنَ تُصْبِحُوْنَ. (যখন তোমরা বিকালে এবং সকালে আল্লাহ্‌র তাসবীহ্‌ পাঠ করো) এখানে تُمْسُوْنَ শব্দটির পর مبتدأ خبر না থাকার কারণে فعل ও فاعل হয়েছে।

مَازَالَ مَابَرِحَ مَاانْفَكَّ مَادَامَ مافَتِيَ এ পাঁচটি فعل এর জন্য শর্ত হলো, এগুলোর পূর্বে لا ما যে কোনো একটি حرف نفي থাকতে হবে।

সবক নং ৫৫

<u>মনে রাখতে হবে:</u>

الأفعال الناقصة দ্বারা শুধু এগুলোই উদ্দেশ্য নয়। বরং এ فعل থেকে নির্গত সকল রূপান্তরই এ হুকুমের অন্তর্ভুক্ত। যমন: لَيْسُوْا سَوَاءً এ বাক্যে لَيْسَ থেকে لَيْسُوْا রূপান্তরিত হয়েছে। তাই لَيْسُوْا এর واو টি হলো اسم ليس আর سواء টি হলো خبر ليس - অন্যত্র ইরশাদ হয়েছে أَوْصَانِيْ بِالصَّلٰوةِ وَالزَّكٰوةِ مَادُمْتُ حَيًّا. এখানে مادام থেকে

مَادُمْتُ ব্যবহৃত হয়েছে। তাই تُ হলো اسم مادام এবং حَيًّا হলো خبر مادام

নিম্নের ছকটি বোঝার চেষ্টা করো:

এসো আরবি শিখি, খ. ২, পৃ. ৬১-৬২, খ. ৩, পৃ. ৫৭-৫৮

الأفعال الناقصة	الحروف المشبهة بالفعل
كَانَ اللهُ عَلِيْمًا.	إِنَّ اللهَ عَلِيْمٌ.
ليستِ المدرسةُ مُغْلَقَةً.	كَأَنَّ المدرسةَ مُغْلَقَةٌ.
أَصْبَحَ الْمُسْلِمُوْنَ مُفْلِحِيْنَ.	لَعَلَّ الْمُسْلِمِيْنَ مُفْلِحُوْنَ.

ما، لا، إن এই তিনটি হরফ فعل ناقص এর মতো مبتدأ কে نصب এবং خبر কে رفع দেয়। যেমন: <u>ما هَذا بشرا</u> وقلن حاش لله

বি. দ্র. কোনো فعل এর পূর্বে كان আসলে উহ্য هو হবে তার اسم كان । فعل টি হবে خبر كان । বাকি ১২ ছিগার আলামত হবে اسم كان । فعل টি হবে خبر كان যেমন: كان يقرأ ــــ كُنتَ تقرأ

এসো আরবি শিখি, খ. ২, পৃ. ৬১-৬২

www.muslimdm.com

সবক নং ৫৬

غَيْرُ مُنْصَرِفٍ/ اَلْمَمْنُوْعُ مِنَ الصَّرْفِ/ مَنْعُ الصَّرْف

غَيْرُ مُنْصَرِف এর পরিচয় :

যে শব্দে **غير منصرف** এর নয় সবব থেকে দু'টি সবব অথবা দু'সববের স্থলাভিষিক্ত এমন এক সবব পাওয়া যায়, তাকে **غير منصرف** বলা হয়[৫৩]।

সহজে চেনার উপায় :[৫৪]

১. কোনো মহিলার নাম হওয়া। زَيْنَب. عَائِشَة. بَرِيْرَة. مَرْيَم. مَارِيَةُ شَرِيْفَة.

২. পুরুষের নামের শেষে ة হওয়া। مُعَاوِيَة. سَارِيَة. طَلْحَة. عُرْوَة. قُتَيْبَة. حُذَيْفَة.

৩. দুই اسم মিলে একটি নির্দিষ্ট নাম হওয়া। যেমন: চাঁদপুর, হাজীগঞ্জ। جَادْفُوْر. حَاجِيْ غَنْج. هَاتِرْجِيل. جَتْرَابَارِي.

৪. কোনো عَلَم শব্দ فُعَلُ ওযনে হওয়া। যেমন: عُمَر ও زُفَر নাম দু'টি।

৫. কোনো اسم শব্দ فعل এর ওজনে আসা। যেমন: يَزِيْد. أَحْمَد. أَشْرَف. أَكْرَم.

৬. কোনো স্থানের নাম বোঝানো। যেমন: مصر، عراق

৬. فَعَالِلُ. فَعَالِيْلُ. فَعَالٌّ. কোনো শব্দ এ তিন ওযনের কোনো এক ওযনে আসা। যেমন: مَصَابِيْحُ. عَوَاصِمُ. عَوَامُّ.

www.muslimdm.com

---

৫৩. এক সবব দু'সববের স্থলাভিষিক্ত এমন সবব হলো : কোনো اسم এ ألف ممدودة বা ألف مقصورة হওয়া এবং কোনো جمع এর শব্দ فَعَالِلُ، فَعَالِيْلُ، فَعَالٌّ এর ওযনে আসা।

৫৪. আরো কিছু **غير منصرف** :

১. عُزَيْرٌ، هُوْدٌ، لُوْطٌ، نُوحٌ، صَالِحٌ، مُحَمَّدٌ، شِيْثٌ، شُعَيْبٌ এ আটজন নবী ব্যতীত সকল নবীর নাম।

যেমন: إِبْرَاهِيْم, إِسْمَاعِيْل, مُوْسى, هَارُوْن, عِيْسى, دَاوُوْد, سُلَيْمَان

২. نَكِيْرٌ, مُنْكَرٌ, مالكٌ এ তিনজন ফেরেশ্‌তা ব্যতীত সকল ফেরেশতার নাম।

যেমন: جِبْرَائِيْل, مِيْكَائِيْل, عَجْرَائِيْل, إِسْرافِيْل, هَارُوْت, مارُوْت

৩. مَأْجُوْج, يَأْجُوْج, هَامَان, قَارُوْن, فِرْعَوْن, إِبْلِيْس এ শব্দগুলো।

সবক নং ৫৭

নয় সবব ও তার পরিচয় :

১. عَدْلٌ	২. وَصْف	৩. تأنِيْث
৪. عَلَم	৫. عُجْمَة	৬. جَمْع
৭. تَرْكِيْب	৮. وَزْنُ الْفِعْلِ	৯. الأَلِف وَ النُوْن الزَائِدَتَان

www.muslimdm.com

১. عَدْل : কোনো শব্দ অর্থ পরিবর্তন না করে একরূপ হতে অন্য রূপে পরিবর্তন হওয়া। যেমন: **ثَلَاثٌ ثَلَاثٌ** (তিন তিন) শব্দ থেকে / **مَثْلَثُ** **ثُلَاثُ** অর্থও তিন তিন। **مَثْلَثُ** শব্দটি **ثَلَاثٌ ثَلَاثٌ** থেকে পরিবর্তিত হয়ে এসেছে কিন্তু অর্থ পরিবর্তিত হয়নি। **مَثْلَثُ** শব্দের মধ্যে দু'সবব হলো- **وصف** এবং **عدل**

মনে রাখতে হবে : কোনো সংখ্যা **فُعَالُ** / **مَفْعَلُ** ওযনে আসলে তা **وصف** হয়।

সবক নং ৫৮

২. وَصْف : সাধারণত **اسم تفضيل** এর ছীগাকে বোঝানো হয়। যেমন : **أَنْصَرُ** শব্দে দু'টি সবব হল : **وصف** এবং **وزن الفعل**

৩. مُؤَنَّث হওয়া। গোল তা (ة) যুক্ত শব্দ **غير منصرف** হওয়ার জন্য শর্ত হল **علم** হওয়া।

লক্ষণীয় :

أَلِف مَقْصُوْرَة ও **أِلف مَمْدُوْدَة** বিশিষ্ট **مؤنث** শব্দ **غير منصرف** এর সবব হওয়ার জন্য শর্ত হলো **أَلِف** এর পূর্বে মূল তিন অক্ষর থাকা। যেমন : **سَوَاءٌ** শব্দটি **غير منصرف** হবে না। কেননা এতে **ألف** এর পূর্বে তিন অক্ষর নেই। আবার **أَسْمَاء** শব্দটিও **غير منصرف** হবে না। কেননা এখানে **ألف** এর পূর্বে মূল তিন অক্ষর নেই। **أسماء** শব্দের **أ** টি মূল অক্ষর নয়।

সবক নং ৫৯

৪. عَلَم : যা নির্দিষ্ট ব্যক্তি, বস্তু বা স্থানকে বোঝায়।

যেমন: যে কোনো মানুষ, দেশ, প্রতিষ্ঠানের বা সংগঠনের নাম হওয়া।

৫. عُجْمَة তথা অনারবী **علم** শব্দ আরবী ভাষায় ব্যবহৃত হওয়া।

যেমন: إبراهيم. إِسْمَاعيل. بَنْجَلاَدِيْش. فِلَسْطِيْن.

৬. جَمْعُ مُنْتَهَى الْجُمُوْع তথা কোনো جمع- **فَعَالُّ. فَعَالِيْلُ، فَعَالِلُ** এ তিন ওযনের কোনো এক ওযনে হওয়া। যেমন: **عَوَامُّ، مَصَابِيْح، مَقَاعِد**

সবক নং ৬০

৭. تَرْكِيْب তথা দুটি **اسم** মিলে একটি নাম হওয়া।

যেমন : গাজী + পুর= গাজীপুর। بُوْر + غَازِيْ = غَازِيْ بُوْر

৮. وَزْنُ الْفِعْل তথা কোনো **اسم** কে **فعل** এর ওযনে ব্যবহার করা। যেমন: **أَحْمَد، يَزِيْد، أَشْفَق**

৯. أَلِف وَ نُوْن الزَّائِدَتَان তথা **اسم** এর তিন অক্ষর শেষে অতিরিক্ত **ألف و نون** থাকা। যেমন : مَرْوَان . عِمْرَان. لُقْمَان. حَسَّان. أَفْنَان. عُثْمَان. نُعْمَان. عَفَّان.

■ **তবে قُرْآن এবং بُرْهَان শব্দদ্বয়ের ان টি অতিরিক্ত নয়।**

⇨ **غير منصرف কখনো مضاف হলে বা এর শুরুতে ال আসলে তা منصرف এর মতো ব্যবহৃত হবে।** যেমন : فَلَا أُقْسِمُ بِمَوَاقِعِ النُّجُوْم. هٰذِه خُطْبَةُ الْمَجَالِسِ.

সবক নং ৬১

اَلْمَنْصُوْبَات এর আলোচনা :

مفعول مُطْلَق এর বিবরণ :

www.muslimdm.com

مفعول مُطْلَق: مُطْلَق অর্থ সাধারণ। বাক্যে পূর্বোল্লেখিত **فعل** এর مَصْدَر কে বা مَصْدَر এর অর্থে ব্যবহৃত অন্য **مصدر** কে **مفعول مطلق** বলা হয়।

যেমন: إِنَّ اللّٰهَ لَايَقْبِضُ الْعِلْمَ اِنْتِزَاعًا. وَكَلَّمَ اللّٰهُ مُوْسى تَكْلِيْمًا.

সবক নং ৬২

مَفْعُوْل مُطْلَق তিন অর্থে ব্যবহৃত হয় :

১. تَأْكِيْد   ২. نَوْع   ৩. عَدَد

১. যখন হুবহু **مصدر** অথবা **مصدر** এর অর্থে ব্যবহৃত অন্য **مصدر** হবে তখন **تأكيد** এর অর্থ দিবে। যেমন : أَنْصُرُ التَّلَامِيْذ نَصْرًا/ عَوْنًا.

২. যখন مَصْدَر টি **موصوف** বা **مضاف** হবে তখন نَوْع তথা কাজের ধরণ বোঝাবে। যেমন : إِنَّا فَتَحْنَا لَكَ فَتْحًا مُبِيْنًا **جُبَيْرٌ تفقَّهَ الكتب** تَفَقُّهًا.

সবক নং ৬৩

⇨ **ثلاثي مجرد** থেকে فِعْلَة ওযনে **مضاف** হয়ে ব্যবহৃত হলে نَوْع এর অর্থ দেয়।

যেমন : دَرَسْتُ الْكِتَابَ دِرْسَةَ الْمُعَلِّمِ (শিক্ষকের মতো কিতাব পড়েছি)

⇨**مضاف** হয়ে نَوْع এর অর্থ বোঝালে অনুবাদের সময় مَصْدَر এর অর্থ হবে 'মতো'।

৩. যখন **مصدر** এর শেষে গোল (ة) হবে এবং **موصوف** / **مضاف** হবে না, তখন **عدد** তথা সংখ্যার অর্থ দেবে। যেমন: اِجْتَنَبْتُ الْمَعَاصِيَ اِجْتِنَابَةً/اِجْتِنَابَتَيْنِ/اِجْتِنَابَاتٍ (আমি পাপ হতে একবার / দু'বার / বহুবার বিরত থেকেছি)

সবক নং ৬৪

⇨ **ثلاثی مجرد** থেকে فَعْلَة ওযনে এসে عَدَد তথা সংখ্যার অর্থ দিবে।

যেমন : دَرَسْتُ الكتاب دَرْسَةً (একবার কিতাব পড়েছি)

নিম্নের **اسم** গুলো সাধারণত **مفعول مطلق** হয়ে বাক্যে ব্যবহৃত হয় :

www.muslimdm.com

পবিত্রতা	سُبْحَانَ [৫৫]	ও	أَيْضًا	হঠাৎ	بَغْتَةً
নিশ্চিত	يَقِيْنًا	বিপরীত	خِلَافًا	সত্যিকারে	حَقًّا
অনেক	كَثِيْرًا	সত্য	صِدْقًا	অনেক	جَمًّا
নিশ্চিত	اَلْبَتَّةَ	আত্মতৃপ্তি	رَغَدًا	অতি উত্তম	جَيِّدًا
উদাহরণত	مَثَلاً	দয়া করে	فَضْلاً	খুব/ অনেক	جِدًّا
আল্লাহর কাছে আশ্রয় চাই	مَعَاذَ اللهِ	প্রশংসা	حَمْدًا	ধ্বংস	تَبًّا
		পান করান	سَقْيًا	ধন্যবাদ	شُكْرًا

www.muslimdm.com

সবক নং ৬৫

مفعول له এর আলোচনা :

له এর অর্থ হলো ‘উহার জন্য’। যে **اسم** দ্বারা **فعل** সংঘঠিত হওয়ার কারণ বোঝায় তাকে **مفعول له** বলা হয়। যেমন : **نصرْتُ التَلَاميذ تَعْلِيْمًا** (আমি ছাত্রদেরকে শেখানোর জন্য সাহায্য করেছি)

مفعول له চেনার সহজ উপায় :

বাক্যে ব্যবহৃত **فعل** এর **مصدر** ব্যতীত অন্য **مصدر** ভিন্ন অর্থে বাক্যের মাঝে বা শেষে **نكرة** হয়ে আসা। যেমন : **يَتَفَقَّهُ نَجْمُ الإِسْلَامِ فِيْ الدِّيْنِ رِضَاءً لِلّٰهِ** (নাজমুল ইসলাম দীনের গভীর জ্ঞান অর্জন করছে আল্লাহ্‌র সন্তুষ্টির জন্য।)

৫৫. এর মূল রূপ হল, أُسَبِّحُ اللهَ سُبْحَانَه.

সবক নং ৬৬

مفعول فيه এর আলোচনা :

فيه এর অর্থ 'উহার মধ্যে'। যে **مفعول** দ্বারা কাজের স্থান বা সময় বোঝায় তাকে **مفعول فيه** বলা হয়[৫৬]। যেমন: **لَا تَمْشِ عَلى الطَرِيْقِ لَيْلًا** (তুমি রাতে রাস্তায় চলবে না) কোনো **اسم** যদি **مفعول فيه** এর প্রতি **مضاف** হয়, তাহলে তা **مفعول فيه** এর **إعراب** পাবে। যেমন : **قرأت القرآن كُلَّ اللَّيْلِ** **يُطِيْعُ حِفْظُ الرَّحْمنِ أُسْتَاذَه كُلَّ الْحَيَاةِ**.

www.muslimdm.com

[৫৬]. স্থান বা সময়বাচক যে শব্দের মাঝে **فِيْ** এর অর্থ আছে তাকেই **مفعول فيه** বলা হয়। যেমন: **اَلْيَوْمُ يَوْمُ الْجُمْعَةِ.** এ বাক্যে **يوم** শব্দটির মধ্যে **في** এর অর্থ নেই, তাই এখানে **يوم** শব্দটি **مفعول فيه** হবে না।

সবক নং ৬৭

নিম্নের ظرف গুলো مبني

أسماء الظروف المبنية							
যখন,কখন	مَتَى	যেখানে	أَيْنَ	নিকটে	لَدَى	থেকে	لَدُنْ
যেভাবে	أَنَّى	এখানে	هُنَا	পূর্বে পরে	بَعْدُ / قَبْلُ مضاف إليه উল্লেখ না থাকলে	এখন	اَلْآنَ
কখনো	قَطُّ	সাথে	مَعَ			সেখানে	ثَمَّ
যেখানে	حَيْثُ	যখন , কখন	أَيَّانَ				
এখনো	لَمَّا	যখনি	كُلَّمَا	যখন	إِذَا	যখন	إِذْ

www.muslimdm.com

সবক নং ৬৮

নিম্নের শব্দগুলো সাধারণত مفعول فيه হয় :

এখানে	هٰهُنَا	বিলম্বে	آجِلاً	শুরু এবং শেষ	أَوَّلَه وَ آخِرَه
পুনরায়	تَارَةً	মোটেও	أَصْلاً	একবার	مَرَّةً
কখনও	قَطُّ	সকালে	أَصِيْلاً	সর্বদা	أَبَدًا
দ্বিপ্রহরে	ضُحًى	প্রথমে	أَوَّلاً	একদা	بَيْنَمَا
পিছনে	وَرَاءَ	দিকে	تِلْقَاءَ	সকালে	بُكْرَةً
সাথে	مَعًا	রাতে	بَيَاتًا	একটু আগে	آنِفًا

দিন	يَوْمًا	সকালে	صَبَاحًا	স্বল্প	قليلا

সবক নং ৬৯

مفعول معه এর আলোচনা

معه এর অর্থ 'উহার সাথে'। যে واو টি "সাথে" অর্থ দেয় এমন واو এর পরে যে اسم আসে তাকে مفعول معه বলা হয়[৫৭]। যেমন: جَلَسَ التِّلْمِيْذُ وَ الْجِدَارَ. (ছাত্রটি বসেছে দেয়ালের সাথে).قَرَأْتُ الْحَدِيْثَ وَ الْأُسْتَاذَ (আমি হাদীসখানা পড়েছি শিক্ষকের সাথে)

সবক নং ৭০

مفعول به (Object) এর আলোচনা

به অর্থ যার মাধ্যমে। যা ব্যতীত কাজ অস্তিত্বে আসবে না। যার ওপর কর্তার হ্যাঁ বোধক বা না বোধক কর্ম অর্পিত হয় তাকে مفعول به বলা হয়। যেমন: ضَرَبَ اللهُ مَثَلاً (আল্লাহ্ তাআলা উদাহরণ পেশ করেছেন)

সবক নং ৭১

نِدَاء (Vocative case) এর আলোচনা

يا، أَيَا، هَيَا، أَيْ، أَ হরফগুলোকে حُرُوْفُ النِّدَاء বলা হয়। حَرْفُ النِّدَاء এর পরের শব্দকে مُنَادى বলা হয়। حرف النداء এবং مُنَادَى মিলে সর্বদা نِدَاء হয়। مُنَادَى এর পরের বাকি অংশ جَوَابُ النِّدَاء হয়। نِدَاء এবং جَوَابُ النِّداء মিলে جملة إنشائية হয়। যেমন : يا تِلميذُ! أُصْدُقْ أَبَدًا. (হে ছাত্র! সর্বদা সত্য বলো।)

[৫৭]. বাক্যের মাঝে ব্যবহৃত এমন واو যার অর্থ "সাথে" না ধরলে বাক্যের অর্থ মিলানো যায় না।

www.muslimdm.com

এখানে يا টি حرف النداء এবং تِلميذُ হলো منادى - এখন حرف نداء এবং منادى মিলে نداء হলো। أُصْدُقْ أَبَدًا এই অংশটি হলো جواب النداء তাই نداء ও جواب نداء মিলে جملة إنشائية হয়েছে।

বি. দ্র. অনেক সময় يا কে حذف (বিলুপ্ত) করা হয়। যেমন: ربَّنا ظلمنا أنفسنا، رب ارحمهما كما ربيَنِي صغيرا

এসো আরবি শিখি, খ. ১, পৃ. ২৬, ৩৬. খ. ৩, পৃ. ৩১-৩৩, ৪৩-৪৪

সবক নং ৭২

www.muslimdm.com

إعراب এর منادى :

إعراب এর দিক থেকে منادى চার প্রকার :

১. مُفْرَد ২. مُضَاف ৩. مُشَابِهٌ بِالْمُضَاف ৪. نَكِرَةٌ غَيْرُ مُعَيَّنٍ

১. مفرد : এখানে مفرد[৫৮] দ্বারা উদ্দেশ্য হলো مضاف বা مشابه بالمضاف না হওয়া। منادى টি مفرد হলে সর্বদা مَبْنِي عَلَى عَلاَمَةِ الرَّفْعِ হবে[৫৯]।

যেমন :

يا نَبِيْ سَلاَمٌ عَلَيْكَ. يَا أيها النبي. يا تلميذان! أَصْلِحَا عَقَائِدَكُمَا. ياطالبُ! لاَ تَغْتَبْ أَحَدًا.

সবক নং ৭৩

২. منادى টি مضاف হলে نصب হবে। يا عَبْدَ اللهِ! اِعْلَمْ إِنَّ الْأَنْبِيَاءَ مَعْصُوْمُوْنَ.

(হে আল্লাহর বান্দা জেনে রেখ! নিশ্চয় নবীগণ নিষ্পাপ)

৩. مشابه بالمضاف হলেও نصب হবে। يَا طالبًاعِلْمًا! اِجْتَنِبِ الْمَعَاصِيَ.

---

৫৮. আরবী কাওয়ায়েদে مفرد শব্দটি কয়েকটি অর্থে ব্যবহৃত হয়। ১. مفرد যখন مركب এর সাথে আলোচনা হবে তখন এর দ্বারা উদ্দেশ্য হবে একা একা থাকা তথা مركب না হওয়া। ২. مفرد যখন إعراب এর ক্ষেত্রে আলোচনা হবে তখন এর অর্থ হবে تثنية واحد না হওয়া। এক বচন হওয়া। ৩. مفرد যখন نداء এর মধ্যে আলোচনা হবে তখন এর অর্থ হবে مضاف বা شِبْهُ مضاف না হওয়া।

৫৯. مبني على علامة الرفع এর অর্থ হলো, منادى টি رفع এর হালতে না থেকে نصب এর হালতে আছে। কিন্তু رفع এর আলামতের ওপর مبني হওয়ার কারনে نصب এর কোনো আলামত প্রকাশ পায় না।

(হে এলেম অর্জনকারী ! পাপ থেকে তুমি বেঁচে থাক)

مشابه بالمضاف চেনার একটি সহজ উপায় :

يا طالِبًا : যেমন । হয় **مُشابه بالمضاف** এর ক্ষেত্রে সাধারণত **شبْه الفعل - منادى** থাকলে এমন **متعلق** বা **مفعول** , **فاعل** এর পর তার **شبه الفعل**

الحَقِّ! হে সত্যান্বেষী ! সাহাবায়ে কেরাম সকলেই সত্যের মাপকাঠি । **أَنَّ الصَّحابَةَ كُلُّهُمْ مِعْيارُ الحَقِّ.**

يارَحْمَةً للْعلمين. يا خَادِمًا اَلْمَدْرَسَةَ! أَدِّ حقُوْقَ الْمدْرَسَةِ.

সবক নং ৭৪

৩. **نَكِرَةٌ غَيْرُ مُعَيَّنٍ** অন্ধত্ব/ অন্ধকার/ কোনো কিছুর আড়ালে থেকে যে **نكرة** কে সম্বোধন করা হয় । যেমন: অন্ধকারে কেউ গর্তে পড়ে গিয়ে ডাকছে **يا رجلا أُنْصُرْنِيْ.** (হে ভাই কে আছ! আমাকে সাহায্য করো) এভাবে অন্ধ ব্যক্তি অথবা পর্দার আড়ালে থেকে অনির্দিষ্ট কাউকে ডাকা।

www.muslimdm.com

সবক নং ৭৫

حال (Adverb) এর আলোচনা

যে শব্দ দ্বারা অন্য শব্দের অবস্থা বোঝায় তাকে **حال** বলা হয়।

যেমন: **وَجَدْتُ جبيرا قارِئًا.** (আমি জুবাইরকে দেখেছি পড়া আবস্থায়)

قَدِمْتُ الْمَدْرَسَةَ مَاشِيًا. (আমি হেঁটে হেঁটে মাদরাসায় এসেছি)

حال দুপ্রকার : ১. **مُفْرَد** ২. **مُرَكَّب**

১. **حال مفرد :** যদি একটি শব্দ দ্বারা **حال** বোঝানো হয় তাকে **حال مفرد** বলা হয়। যেমন: **ما وجدتُ نِعْمَةَ اللهِ نائما.** (আমি নেআমতুল্লাহকে ঘুমে পাইনি)

২. **حال مركب:** যদি একাধিক শব্দ দ্বারা **حال** বোঝানো হয় তাকে **حال مركب** বলা হয়। যেমন: **رأيْتُ نَقيْبًا خَادِمًا أُسْتَاذَه.** (আমি নকিবকে দেখেছি তার শিক্ষকের খেদমত করতে)

বিশেষ নিয়ম:

১. বাক্যের মাঝে অবস্থিত معرفة এর পর جملة আসলে حال হয়।

যেমন: مَرَجَ البَحْرَيْنِ يَلْتَقِيَانِ (তিনি দুই সাগরকে এভাবে প্রবাহিত করেন যে, তারা পরস্পর মিলিত হয়।)

২. مَعرفة এর পর متعلق আসলেও حال হয়। {فخَرَجَ عَلى قَوْمِهِ فِي زِينَتِهِ} (سورة القصص: ৭৯)، {هُمْ يَبْغُونَ فِ الأَرْضِ بِغَيْرِ الحَقِّ} (سورة يونس: (২৩

৩. نكرة এর পূর্বে متقلق থাকলে حال হয়। যেমন: مَا لَيْسَ لَكَ بِهِ عِلْم (যে ব্যাপারে তোমার কোন জ্ঞান নেই।)

সবক নং ৭৬

حال চেনার সহজ উপায় :

১. صفة এর ছীগাহ্ نكرة হয়ে বাক্যের মাঝে বা শেষে আসা।

اَلْمُعَلِّمُ يُدَرِّسُ الكِتابَ جَالِسًا. (শিক্ষক **বসে বসে** কিতাব পড়াচ্ছেন)

كَانَ النبيُّ صلى اللَّهُ عليه وسلم لايَأْكُلُ الطَّعَامَ قَائِمًا.

(নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দাঁড়িয়ে দাঁড়িয়ে খাবার খেতেন না)

- যার অবস্থা বর্ণনা করা হয় তাকে ذُوْ الحَال/صَاحِبُ الحَال বলা হয়। আর যে শব্দ বা শব্দ সমষ্টি দ্বারা অবস্থা বর্ণনা করা হয় তাকে حال বলা হয়।

www.muslimdm.com

সবক নং ৭৭

تَمْيِيْز এর বর্ণনা :

تمييز এমন اسم যা সন্দেহ দূর করে। যেমন : رَأَيْتُ أَحَدَ عَشَرَ كَوْكَبًا

যে শব্দ থেকে সন্দেহ দূর করা হয় তাকে مُمَيَّز বলা হয়। আর যে শব্দটি সন্দেহ দূর করে তাকে تَمْيِيْز বলা হয়। مُمَيَّز ও تَمْيِيز মিলে اسم مركب তথা যুক্ত اسم হবে।

- এক শব্দ থেকে সন্দেহ দূর করলে তাকে **تمييز مفرد** বলা হয়।
- একাধিক শব্দ থেকে সন্দেহ দূর করলে তাকে **تمييز مركب** বলা হয়।

সাধারণত ৩টি বিষয়ে **تمييز مفرد** হয়ে থাকে।

تمييز চার প্রকার : ১. وَزن **২.** كَيْل **৩.** مَسَاحَة **৪.** عَدَد

১. وَزْن হলো যা পাল্লায় মাপা হয়। যেমন : إِشْتَرَيْتُ كِيْجِيًا رُزًّا.

২. كَيْل হলো যা পাত্রে মাপা হয়। যেমন : يَكْفِيْ الدَّلْوُ مَاءً لِلْغُسْلِ.

৩. مَسَاحَة হলো যা ফিতা, গজ, ইঞ্চি ইত্যাদি দিয়ে পরিমাপ করা হয়।

যেমন: سِرْتُ مَيْلاً طَرِيْقًا. هذا الطريق مِيْل طويلاً.

৪. عَدَد : যা দ্বারা গণনা করা হয় তাকে **عَدَد** বলা হয়। যাকে গণনা করা হয় তাকে **مَعْدُوْد** বলা হয়। যেমন :

مَثَلُ الذِيْنَ يُنْفِقُوْنَ فِيْ سَبِيْلِ اللهِ كَمَثَلِ حَبَّةٍ أَنْبَتَتْ سَبْعَ سَنَابِلَ فِيْ كُلِّ سُنْبُلَةٍ مِأَةُ حَبَّةٍ.

সবক নং ৭৮

عدد (Number) এর নিয়মাবলি

সংখ্যাকে **عَدَد** বলা হয়। সংখ্যার পরের **اسم** কে **مَعْدُوْد** বলা হয়। যেমন: ثَلاَثَ لَيَالٍ এখানে **ثلاث** শব্দটি **عَدَد** আর **ليال** শব্দটি **مَعْدُوْد** হয়েছে।

عدد এর ক্ষেত্রে দুটি বিষয় খেয়াল রাখতে হয়। إعراب এবং مذكر مؤنث

আমেল অনুযায়ী **عدد** এর **إعراب** হবে। **أحد عشر** থেকে **تسعة عشر** (**اثنتا عشر** ব্যতীত) সংখ্যাগুলোর উভয় অংশ **مبني على الفتحة** হবে।

আর **مذكر** ও **مؤنث** ব্যবহারের নিয়ম হলো,

www.muslimdm.com

প্রতি দশে এক দুই অনুকূল, বাকি সব প্রতিকূল। "প্রতি দশে এক দুই" এর অর্থ হলো **১১-১২, ২১-২২, ৩১-৩২** থেকে **৯১-৯২** পর্যন্ত। এ সকল **عدد** এর উভয় অংশ **معدود** এর **جنس** অনুযায়ী হবে। **معدود** টি **مذكر** হলে **عدد** এর উভয় অংশ **مذكر** হবে। **مؤنث** হলে **مؤنث** হবে। যেমন : **إِحْدى عَشْرَةَ اِمْرَأَةً – أَحَدَ عَشَرَ رَجُلًا**

'বাকি সব' এর অর্থ হলো ৩-১০ , ১৩-১৯ , ২৩-২৯ , এভাবে ৯৩- ৯৯ পর্যন্ত। এ সকল **عدد** এর প্রথম অংশ **معدود** এর বিপরীত **جنس** হবে। আর দ্বিতীয় অংশটি **معدود** এর **جنس** অনুযায়ি হবে। যেমন :ثَلَاثُ نِسْوَةٍ. ثلاث عشْرة مِرْوَحة. خَمسة عشَر كتابا.

সবক নং ৭৯

عشَر শব্দের পরে **مؤنث** হলে **عَشْر** শব্দের **ش** বর্ণে **سكون** হবে। **عشر** শব্দের পরে **مذكر** হলে **عَشَر** শব্দের **ش** বর্ণে **فتحة** হবে। عشْر نساء. عشَرة رجالٍ.

عشرون, ثلاثون, أربعون, خمسون, ستون, سبعون, ثمانون, تسعون , সংখ্যাগুলোর **معدود** টি **مذكر** বা **مؤنث** যা-ই হোক না কেন এ সংখ্যা সর্বদা এক রকম হবে।

যেমন : **خَمْسَةٌ وعِشْرُوْنَ تِلْمِيْذًا. خَمْسٌ وعِشْرُوْنَ تِلْمِيْذَةً. اِنْبَسَتْ مِنْه اثْنَتَا عَشْرَةَ عَيْنًا.**

সবক নং ৮০

معدود এর ক্ষেত্রে দুটি বিষয় খেয়াল রাখতে হয়। **إعراب** এবং **واحد/جمع**

তিন থেকে দশ পর্যন্ত সংখ্যা গুলোর معدود টি جمع এবং مجرور হবে। **مأة ও ألف এর معدود টি واحد এবং مجرور হবে। বাকি معدود গুলো واحد এবং منصوب হবে।** যেমন:

ثَلَاثُ مِرْوَحَاتٍ. عِشْرُوْنَ تِلْمِيْذًا. ثَلَاثُ نِسْوَةٍ. عِشْرُوْنَ تِلْمِيْذًا. مأة شهيدٍ. ألف شَهِيْدٍ .

- **مأة / ألف** কখনো **معدود** এর কারণে পরিবর্তন হবে না।

www.muslimdm.com

যেমন: أَلْفُ رَجُلٍ. أَلْفُ امْرأَةٍ.

★ ثلاثة থেকে عشرة পর্যন্ত এবং أَلْفٌ/مِأَةٌ ইত্যাদি সংখ্যার তারকীব مضاف   مضاف إليه হিসেবে হবে।

এসো আরবি শিখি, খ. ৩, পৃ. ৭২, ৮২, ১১৮-১৩০, ১৩৭

পরামর্শ:

- ✓ প্রিয় তালিবে ইল্ম! আপনি যখনি কোনো নিয়ম কানুন মুখস্থ করবেন, তখনি এর অনুশীলন শুরু করুন। কেননা অনুশীলন মানুষকে দক্ষ করে গড়ে তোলে।
- ✓ একত্রে বসে পরস্পর কিছু সময় আলোচনা করা, দীর্ঘ সময় ধরে একাকি পড়ার চেয়ে উত্তম।

www.muslimdm.com

সবক নং ৮১

تَابِع এর আলোচনা :

تابع অর্থ অনুসারী। যে **اسم** তার পূর্বের **اسم** এর **حالة** বা **إعراب** এর অনুসরণ করে তাকে **تابع** বলা হয়। **تابع** এর পূর্বের **اسم** কে **مَتْبُوْع** বলা হয়।

تابع পাঁচ প্রকার : ১. صِفَة/نَعْت ২. تَأْكِيْد ৩. بَدْل ৪. عَطْفُ الْحُرُوْف ৫. عَطْفُ الْبَيَان

১. صفة এর পরিচয়: যে শব্দ দ্বারা অন্য কোনো শব্দের দোষ গুণ বা বর্ণনা করা বোঝায় তাকে **صفة** বলা হয়। **صفة** ও **موصوف** এর মধ্যে দশটি বিষয় থেকে চারটি বিষয়ে মিল থাকা আবশ্যক। চারটি বিষয় হলো: **১. جنس ২. عدد ৩. تنكير / تعريف ৪. إعراب**

www.muslimdm.com

সবক নং ৮২

নিম্নের ছকটি লক্ষ করো

ক্রম	বর্ণনা	উদাহরণ
০১	موصوف টি مذكر হলে صفة টিও مذكر হবে	هذا كتاب جديد
جنس	موصوف টি مؤنث হলে صفة টিও مؤنث হবে	تلك قلنسوة جميلة
০২	موصوف টি مفرد হলে صفة টিও مفرد হবে	قرأت الكتاب الجديد
عدد	موصوف টি مثنى হলে صفة টিও مثنى হবে	تانك قلنسوتان جميلتان
	موصوف টি جمع হলে صفة টিও جمع হবে	قَدِمَ الرِجَالُ العَالِمُوْنَ
০৩	موصوف টি معرفة হলে صفة টিও معرفة হবে	رأيت القميص الجيِّد
تعريف تنكير	موصوف টি نكرة হলে صفة টিও نكرة হবে	هذا قميص جيِّد
০৪	موصوف টি مرفوع হলে صفة টিও مرفوع হবে	هذا تلميذ مجتهد
إعراب	موصوف টি منصوب হলে صفة টিও منصوب হবে	نصرت التلميذ المجتهد

	مجروو টি موصوف صفة হলে মজরুর টিও হবে	هذا كتاب التلميذ المجتهد

বিশেষ নিয়ম: نكرة এর পর جملة বা متعلق আসলে صفة হয়। যেমন: رَسُولٌ مِنَ اللهِ আল্লাহর পক্ষ থেকে প্রেরিত। وَمَا تَأْتِيهِم مِن آيَةٍ مِن آيَاتِ رَبِّهِم (যখনই তাদের প্রতিপালকের নিদর্শনাবলীর মধ্য থেকে কোন নিদর্শন আসে।)

সবক নং ৮৩

২. تأكيد এর পরিচয়: গুরুত্ব বোঝানোর জন্য যে শব্দকে উল্লেখ করা হয় তাকে **تأكيد** বলা হয়।

দু'প্রকার : ১. **تأكيد لَفْظِيْ** ২. **تأكيد مَعْنَوِيْ**

